আয়ের খাতসমূহ

Heads of Income

২

ভূমিকা

Introduction

একটি আয় বছরে করদাতার বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত আয় নিয়ে মোট আয় নির্ণয় করা হয়। ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২০ ধারা অনুসারে আয়ের ৭টি খাতের উল্লেখ করা হয়েছ। এগুলো হলো (ক) বেতন খাতে আয় (ধারা ২১), (খ) সিকিউরিটির সুদ খাতে আয় (ধারা ২২, ২৩), (গ) গৃহ সম্পত্তি খাতে আয় (ধারা ২৪, ২৫), (ঘ) কৃষি খাতে আয় (ধারা ২৬, ২৭), (ঙ) কারবার বা পেশা খাতে আয় (ধারা ২৮, ২৯, ৩০), (চ) মূলধনী লাভ খাতে আয় (ধারা ৩১, ৩২), (ছ) অন্যান্য উৎস থেকে আয় (ধারা ৩৩, ৩৪) । এ ইউনিটে আমরা উপরোক্ত ৭টি খাত সম্পর্কে পৃথক পৃথক ভাবে বিস্তারিত আলোচনা করবো

ইউনিট সমাপ্তির সময়	ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ৩ সপ্তাহ

এই ইউনিটের পাঠসমূহ

ক) বেতন খাতে আয় (ধারা ২১)

পাঠ-২.ক.১ : বেতনের সংজ্ঞা, উপাদান, বেতন পূরক।

পাঠ-২.ক.২ : বেতন খাতে মোট আয়, করযোগ্য আয় ও করদায় নির্ণয়।

খ) সিকিউরিটির সুদ খাতে আয় (ধারা ২২ ও ২৩)

পাঠ-২.খ.১ : সিকিউরিটির সুদ খাতে আয়ের মৌলিক ধারনা।

পাঠ-২.খ.২ : কতিপয় বিশেষ দফা ও সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয়।

গ) গৃহ সম্পত্তি খাতে আয় (ধারা ২৪ ও ২৫)

পাঠ-২.গ.১ : গৃহ সম্পত্তি খাতে আয় নির্ণয়ের প্রাথমিক আলোচনা।

পাঠ-২.গ.২ : গৃহ সম্পত্তি খাতে আয় নির্ণয়।

ঘ) কৃষি খাতে আয় (ধারা ২৬ ও ২৭)

পাঠ-২.ঘ.১ : কৃষি আয় সম্পর্কে প্রাথমিক আলোচনা।

পাঠ-২.ঘ.২ : কৃষি খাতে আয় নির্ণয়।

ঙ) ব্যবসায় ও পেশা খাতে আয় (ধারা ২৮, ২৯ ও ৩০)

পাঠ-২.ঙ.১ : ব্যবসায় ও পেশা খাতে আয়ের প্রাথমিক আলোচনা।

পাঠ-২.ঙ.২ : ব্যবসায় ও পেশা খাতে আয় নির্ণয়।

চ) মূলধনী লাভ খাতে আয় (ধারা ৩১ ও ৩২)

পাঠ-২.চ.১ : মূলধনী লাভ খাতে আয় সম্পর্কিত মৌলিক ধারণা।

পাঠ-২.চ.২ : মূলধনী লাভ খাতে আয় নির্ণয়।

ছ) অন্যান্য উৎস খাতে আয় (ধারা ৩৩ ও ৩৪)

পাঠ-২.ছ.১ : অন্যান্য উৎস খাতে আয়ের প্রাথমিক আলোচনা

পাঠ-২.ছ.২ : অন্যান্য উৎস খাতে আয় নির্ণয়।

ছ) ব্যক্তি করদাতার কর নির্ধারণ

পাঠ-২.জ.১ : ব্যক্তি করদাতার কর নির্ধারণ প্রক্রিয়া।

মূখ্য শব্দ	মূল বেতন, বেতন পূরক, সুদের মোটাঙ্কিতকরণ, কপট লেনদেন, বার্ষিক মূল্য, আংশিক কৃষি আয়।

ক) বেতন খাতে আয় - ধারা - ২১ (Income from Salary – Section – 21)

পাঠ-২.ক.১ বেতনের সংজ্ঞা, উপাদান ও বেতন পূরক
Definition, Elements and Perquisites of Salary

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- বেতনের সংজ্ঞা বলতে পারবেন।
- বেতনের উপাদান জানতে পারবেন।
- বেতন পূরক কী বলতে পারবেন।

বেতন এর সংজ্ঞা
Definition of Salary

কোনো ব্যক্তি সরকারি, আধা-সরকারি, বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শারীরিক বা মানসিক শ্রম বা সেবার বিনিময়ে নির্দিষ্ট সময় অন্তর নিয়োগকর্তার নিকট থেকে যে পারিশ্রমিক পেয়ে থাকেন সাধারণ অর্থে তাকে বেতন বলা হয়। অর্থাৎ কায়িক ও যান্ত্রিক শ্রম ছাড়াও অন্য কোনো কাজকর্মের জন্য কোনো ব্যক্তিকে নির্দিষ্ট সময়ান্তে যে নির্দিষ্ট পরিমাণ অর্থ দেয়া হয় তাকে বেতন বলা হয়।

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২১ ধারা অনুসারে বেতন খাতে আয় কর ধার্য হিসেবে গণ্য করা হয় এবং আয়কর অধ্যাদেশের ২ (৫৮) ধারা অনুযায়ী নিম্লোক্ত বিষয়সমূহকে বেতনের অন্তর্ভূক্ত করা হয়েছে।

১। বেতন বা মজুরি।

২। বার্ষিক বৃত্তি, অবসর ভাতা ও আনুতোষিক।

৩। যে কোনো ফিস, কমিশন, ভাতা, বেতন পূরক, বেতনের পরিবর্তে বা বেতনের অতিরিক্ত মুনাফা।

৪। অগ্রিম বেতন।

৫। ছুটির নগদায়ন বা অর্জিত ছুটি নগদে বিক্রি।

এখানে উল্লেখ্য যে, ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২১ (ক) ধারা মোতাবেক নিম্লোক্ত বিষয়সমূহকে বেতন খাতে আয় গণনায় হিসেবে ধরতে হবে।

(ক) আয়বর্ষে নিয়োগকর্তার নিকট থেকে কর্মীর প্রাপ্ত বা প্রাপ্য বেতন।

(খ) নিয়োগকর্তা কর্তৃক কর্মীকে আয়বর্ষে প্রদত্ত বকেয়া বেতন যা বিগত আয়বর্ষে প্রাপ্ত হয়নি।

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২১ (২) ধারায় আরো বলা হয়েছে যে, আয়বর্ষে বেতনের কোনো অংশ কর ধার্যের উদ্দেশ্যে মোট আয়ের অন্তর্ভূক্ত হলে পরবর্তী বছরে তা আয়কর ধার্যের জন্যে মোট আয়ের অন্তর্ভূক্ত হবে না। অর্থাৎ এক বেতন ২ বার কর ধার্য উপযোগী হবে না।

বেতন পূরক
Perquisites

কর্মচারী নিয়োগকর্তার নিকট হতে চাকরির শর্তানুসারে আয়বর্ষে বেতন ছাড়াও যে সকল সুযোগ-সুবিধা পায় বা ভোগ করে থাকে তাকে বেতন পূরক বলে। আয়কর অধ্যাদেশের ২ (৪৫) ধারায় বলা হয়েছে, কোনো কর্মচারীকে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা, বকেয়া বেতন, অগ্রিম বেতন, ছুটি নগদায়ন বা ছুটি ভাতা এবং ওভারটাইম ভাতা ছাড়াও কোম্পানির ঘোষিত মুনাফার অনধিক ১০% ইনসেন্টিভ বোনাস এবং অনুমোদিত প্রভিডেন্ট ফান্ড, পেনশন ফান্ড, গ্র্যাচুইটি

ফান্ড, সুপার অ্যানুয়েশন ফান্ডে নিয়োগকর্তার চাঁদা ব্যতিরেকে অন্য যে কোনো প্রকার আর্থিক বা অন্য কোনো সুবিধা (নগদে রূপান্তরযোগ্য হোক বা না হোক) আয়কর অধ্যাদেশের অধীনে বেতনপূরক হিসাবে গণ্য হবে (২০০৬ সালে সংযোজিত)। আয়কর অধ্যাদেশের ২ (৪৫) ধারায় বেতন পূরকের উপাদান দেয়া আছে। এই বেতনপূরক কর্মীর মোট বেতনের মধ্যে অন্তর্ভূক্ত হবে।

নিম্নোক্ত বিষয়সমূহ বেতন পূরকের অন্তর্ভূক্ত :

(ক) ভাড়ামুক্ত বাসস্থানের মূল্য;

(খ) কনসেশন হারে বাসস্থান সুবিধা দেয়া হলে তার মূল্য;

(গ) করদাতার নিজের জীবনের উপর বা তার স্ত্রীর জীবনের উপর বা তার উপর নির্ভরশীল সন্তানের জীবনের উপর গৃহীত বিমার প্রিমিয়াম বা আর্থিক বৃত্তির জন্যে নিয়োগকর্তা কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রদত্ত অর্থ।

(ঘ) বিনামূল্যে বা কনসেশন হারে যে কোনো সুযোগ-সুবিধা প্রদান করা হলে তার মূল্য;

(ঙ) নিয়োগকর্তা কর্তৃক কোনো কর্মচারীর দায়ে পরিশোধিত অর্থ।

সুতরাং দেখা যাচ্ছে, বেতন পূরক অর্থে বা অর্থ সমতুল্য অন্য কোনোভাবে, এমনকি পণ্যের আকারেও হতে পারে। যেমন: অফিস কর্তৃক কর্মচারীর বাড়ির গ্যাস, পানি, ফোন ও বিদ্যুৎ বিল পরিশোধ, নিরাপত্তা কর্মীকে দেয়া বিশেষ পোশাক, কর্মচারীর সন্তানদের অফিস থেকে বোনাস, শিক্ষাভাতা প্রভৃতি।

সারসংক্ষেপ:

করদাতা কোনো সরকারি, বেসরকারি, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কাজ করে তার শারীরিক কিংবা মানসিক শ্রম বা সেবার বিনিময়ে নিয়োগকর্তার নিকট থেকে নির্দিষ্ট সময় অন্তর অন্তর যে পারিশ্রমিক পান তা হচ্ছে তার বেতন খাতে আয়। নগদ ছাড়াও চাকুরি সংশ্লিষ্ট আনুসঙ্গিক সুযোগ সুবিধাও তাঁর বেতন আয়ের অন্তভূর্ক্ত বলে গণ্য হবে।

পাঠ-২.ক.২ বেতন খাতে মোট আয়, করযোগ্য আয় ও করদায় নির্ণয়

Computation of Total Income, Taxable Income and Tax Liability from Salary

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- ব্যক্তি করদাতার বেতন খাতে আয় নির্ণয় করতে পারবেন।

বেতন খাতের আয়ের উপাদানসমূহ

Elements of Salaries

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২ (৫৮) ধারা মোতাবেক বেতন খাতে আয়ের উপাদানগুলো নিচে আলোচনা করা হলো:

১. **মূল বেতন :** একজন কর্মী তার মানসিক পরিশ্রমের বিনিময়ে নির্দিষ্ট সময় অন্তর নিয়োগকর্তার নিকট হতে যে নির্দিষ্ট পারিশ্রমিক পান তাকে মূলবেতন বলা হয়।

২. **মজুরী :** একজন কর্মী তার শারীরিক পরিশ্রমের বিনিময়ে দৈনিক অথবা সাপ্তাহিক ভিত্তিতে নিয়োগকর্তার নিকট হতে যে পারিশ্রমিক পান তাকে মজুরী বলা হয়।

৩. **মহার্ঘ ভাতা :** জীবন-যাপনের ব্যয় বৃদ্ধির কারণে নিয়োগকর্তা কর্মীকে যে ভাতা প্রদান করেন তাকে মহার্ঘ ভাতা বলা হয়।

৪. **বোনাস :** স্বেচ্ছায় বা চাকরির শর্তনুসারে নিয়োগকর্তা কর্মীকে যে অর্থ প্রদান করেন তাকে বোনাস বলা হয়।

৫. **ওভার টাইম :** স্বাভাবিক সময়ের অতিরিক্ত কাজের জন্যে যে অর্থ প্রদান করা হয় তাকে ওভার টাইম বলা হয়।

৬. **ভ্রমণ ভাতা :** অফিস কাজে ভ্রমণের জন্যে যে অর্থ প্রদান করা হয় তাকে ভ্রমণ ভাতা বলা হয়।

৭. **দায়িত্ব ভাতা :** অতিরিক্ত দায়িত্ব পালনের জন্যে কর্মী যে অর্থ পান তাকে দায়িত্ব ভাতা বলা হয়।

৮. **বেতন পূরক :** চাকরির শর্তানুসারে কর্মী তার নিয়োগকর্তার নিকট থেকে বেতন ছাড়া যে সকল আর্থিক সুবিধা পান তাকে বেতন পূরক বলা হয়।

৯. **বার্ষিক বৃত্তি :** কর্মী নিয়োগকর্তার কাছ থেকে নির্দিষ্ট বছরের ভিত্তিতে যে অর্থ গ্রহণ করে থাকেন তাকে বার্ষিক বৃত্তি বলা হয়।

১০. **আনুতোষিক :** চাকরী হতে অবসর গ্রহণের সময় অতীত কার্য-কলাপের জন্যে কর্মী নিয়োগকর্তার নিকট হতে এককালীন যে ভাতা পান তাকে আনুতোষিক বলা হয়।

১১. **ক্ষতিপূরণ :** চাকরিচ্যুত অথবা চাকরির শর্ত পরিবর্তনের কারণে কর্মী তার নিয়োগকর্তার নিকট হতে যে অর্থ পান তাকে ক্ষতিপূরণ বলা হয়।

১২. **ফি ও কমিশন :** কর্মচারি তার কাজের জন্যে চাকরীর শর্ত অনুযায়ী যে ফি বা কমিশন পান তাও বেতন খাতে আয়ের অন্তর্ভূক্ত হয়।

১৩. **অবসর ভাতা :** কর্মী অবসর গ্রহণের সময় নিয়োগকর্তার নিকট হতে যে অর্থ পান তাকে অবসর ভাতা বলা হয়।

১৪. **অগ্রিম বেতন :** কর্মী নিয়োগকর্তার নিকট হতে অনুপার্জিত কোনো বেতন অগ্রিম প্রাপ্ত হলে তাই অগ্রিম বেতন।

১৫. **বকেয়া বেতন :** আয়বর্ষে কর্মচারীর কোনো বেতন বকেয়া থাকলে তার আয় হিসাবে বিবেচিত হবে এবং বেতন আয়ের খাতে অন্তর্ভূক্ত হবে।

১৬. **অননুমোদিত ভবিষ্যৎ তহবিলের সঞ্চিতি উদ্বৃত্ত :** চাকরি ত্যাগ অথবা অবসর গ্রহণের সময় কর্মী অননুমোদিত ভবিষ্যৎ তহবিলে সঞ্চিত যে অর্থ পেয়ে থাকেন তাকে অননুমোদিত ভবিষ্যৎ তহবিলের সঞ্চিতি উদ্বৃত্ত বলা হয়।

১৭. **অনুমোদিত ভবিষ্যৎ তহবিলের সুদ :** অনুমোদিত ভবিষ্যৎ তহবিলের জমাকৃত সুদ কর্মীর বেতন খাতে আয়ের মধ্যে আসবে।

১৮. **বর্ধিত বেতন :** প্রত্যেক কর্মীর স্বাভাবিকভাবে প্রতি বছর যে পরিমাণ মূল বেতন বৃদ্ধি পায় তাকে বর্ধিত বেতন বলা হয়।

১৯. **অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে নিয়োগকর্তার দান :** এ খাতে নিয়োগকর্তার দানকৃত অর্থ বেতন খাতে আয়ের মধ্যে অন্তর্ভূক্ত হবে।

২০. **বেতন পূরক :** চাকুরীর শর্ত অনুসারে কর্মী নিয়োগকর্তার নিকট থেকে বেতনের অতিরিক্ত কোনো সুবিধা পেয়ে থাকলে তা বেতন পূরক হিসাবে গণ্য হয়। যেমন: বাসস্থান সুবিধা, পরিবহন সুবিধা প্রভৃতি।

ব্যবহারিক সমস্যা
Practical Problem

উদাহরণ-১: জনাব কবীর একজন চাকুরিজীবি। ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত আয় বছরে তার বেতন খাতে আয় ছিল নিম্নরূপ:

(i) মূল বেতন মাসিক ৪৩,০০০ টাকা
(ii) উৎসব বোনাস ২ টি
(iii) চিকিৎসা ভাতা মাসিক ১,৫০০ টাকা
(iv) বাড়ী ভাড়া ভাতা মূল বেতনের ৪০%
(v) তিনি মূল বেতনের ১০% অনুমোদিত প্রভিডেন্ট ফান্ডে দান করেন।
(vi) যাতায়াত ভাড়া মাসিক ১,০০০ টাকা হারে।
(vii) বৈশাখী ভাতা বেতনের ২০%

জনাব কবীরের বেতন খাতে আয় নির্ণয় করুন।

সমাধান:

করদাতা : জনাব কবীর
আয়বর্ষ : ২০১৯-২০২০
করবর্ষ : ২০২০-২০২১
বেতন খাতে মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা
বেতন খাতে আয় (ধারা- ২১)		
(i) মূল বেতন (৪৩,০০০×১২)		৫,১৬,০০০
(ii) উৎসব বোনাস (৪৩,০০০×২)		৮৬,০০০
(iii) চিকিৎসা ভাতা (১৫০০×১২)	১৮,০০০	
বাদ অকরধার্য ১,২০,০০০		
বা ৫,১৬,০০০ এর ১০% যেটি কম ৫১,৬০০	৫১,৬০০	নাই
(iv) বাড়ী ভাড়া ভাতা (৫,১৬,০০০ এর ৪০%)	২,০৬,৪০০	
(-) অকরধার্য ২৫,০০০×১২ = ৩,০০,০০০		
বা ৫,১৬,০০০ × ৫০% যেটি কম ২,৫৮,০০০	২,৫৮,০০০	নাই
(v) অনুমোদিত প্রভিডেন্ড ফান্ডে নিয়োগকর্তার দান ৫,১৬,০০০ × ১০%		৫১,৬০০
(vi) যাতায়াত ভাতা ১,০০০×১২	১২,০০০	
(-) আয়কর ধার্য	৩০,০০০	নাই
(vii) বৈশাখী ভাতা (৪৩,০০০×২০%)	৮,৬০০	
(-) আয়কর ধার্য (সম্পুর্ণ)	৮,৬০০	নাই
বেতন খাতে আয়		৬,৫৩,৬০০

উদাহরণ- ২: মি: সুজন একটি সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা। ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত বছরে তার মাসিক বেতন আয়সমূহ নিম্নরূপ ঃ

(ক) মূল বেতন মাসিক ৫৫,৪০০ টাকা
(খ) চার্জ ভাতা মাসিক ৫০০ টাকা
(গ) চিকিৎসা ভাতা মাসিক ১৫০০ টাকা
(ঘ) উৎসব ভাতা বছরে ২ মাসের মূল বেতনের সমপরিমাণ
(ঙ) যাতায়াতের জন্যে তার নামে একটি গাড়ি বরাদ্ধ আছে যার রক্ষণাবেক্ষন ও পরিচালনা খরচ সরকারই বহন করে
(চ) ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে তার নামে একটি সুসজ্জিত বাংলো বরাদ্ধ আছে। যার বার্ষিক মূল্য ১,২০,০০০ টাকা
(ছ) শিক্ষা সহায়তা ভাতা মাসিক ১,০০০ টাকা।
(জ) আপ্যায়ন ভাতা মাসে ১,২০০ টাকা

মি: সুজন এর বেতন খাতে আয় নির্ণয় করুন।

সমাধান :

করদাতা : মি: সুজন
আয় বর্ষ - ২০২০ - ২০২১
করবর্ষ - ২০২১ - ২০২২
বেতন খাতে মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ		টাকা	টাকা
বেতন খাতে আয় (ধারা- ২১)			
(ক) মূল বেতন	৫৫,৪০০×১২		৬,৬৪,৮০০
(খ) চার্জ ভাতা	৫০০×১২	৬,০০০	
বাদ সম্পূর্ণ অকরধার্য		৬,০০০	নাই
(গ) চিকিৎসা ভাতা	১৫০০×১২	১৮,০০০	
বাদ সম্পূর্ণ অকরধার্য		১৮,০০০	নাই
(ঘ) উৎসব ভাতা	৫৫,৪০০×২		১,১০,৮০০
(ঙ) যানবাহন সুবিধা ৬,৬৪,৮০০×৫% = ৩৩,২৪০ বা ৬০,০০০ যেটি বড়		৬০,০০০	
বাদ সম্পূর্ণ আয়কর ধার্য		৬০,০০০	নাই
(চ) বাসস্থান সুবিধা: বাসস্থান মূল্য ১,২০,০০০ বা ৬,৬৪,৮০০ × ২৫% ১,৬৬,২০০ যেটি কম		১,২০,০০০	
বাদ অকর ধার্য (সম্পূর্ণ)		১,২০,০০০	নাই
(ছ) শিক্ষা সহায়তা ভাতা	১,০০০ × ১২	১২,০০০	
বাদ অকর ধার্য (সম্পূর্ণ)		১২,০০০	নাই
(জ) আপ্যায়ন ভাতা	১,২০০×১২	১৪,৪০০	
বাদ অকর ধার্য (সম্পূর্ণ)		১৪,৪০০	নাই
	বেতন খাতে মোট আয়		৭,৭৫,৬০০

টিকা: বর্তমানে সরকারি কর্মকর্তা কর্মচারীদের শুধু মূল বেতন, বোনাস ও উৎসব ভাতা করধার্য আয়। অন্যান্য সকল সুবিধাদি অকরধার্য।

উদাহরণ- ৩: জনাব হাবিব একটি বেসরকারি ব্যাংকের মুখ্য কর্মকর্তা। ২০২০ সালের ৩০ জুন তারিখে তার আয় ছিল নিম্নরূপ :

১। মাসিক মূল বেতন ২৫,০০০ টাকা।
২। চিকিৎসা ভাতা মাসিক ১,০০০ টাকা।
৩। উৎসব বোনাস দুই মাসের মূল বেতনের সমপরিমাণ।
৪। আপ্যায়ন ভাতা মাসিক ১,৫০০ টাকা (প্রকৃত খরচ ১,২০০ টাকা)।
৫। বাড়িভাড়া ভাতা মূল বেতনের ৬০%।
৬। যাতায়াত ভাতা মাসিক ৩,০০০ টাকা।
৭। তিনি তাঁর মূল বেতনের ১০% অনুমোদিত ভবিষ্য তহবিলে জমা দেন, তার নিয়োগকর্তাও সমপরিমাণ অর্থ উক্ত তহবিলে প্রদান করেন।

উক্ত বছরে তাঁর খরচ ও বিনিয়োগ ছিল নিম্নরূপ:

(ক) পারিবারিক ব্যয় ১,২৫,০০০ টাকা।
(খ) জীবন বিমা প্রিমিয়াম (পলিসি মূল্য ১,৫০,০০০ টাকা) ১০,০০০ টাকা।
(গ) তালিকাভুক্ত কোম্পানির শেয়ার ক্রয় ৩০,০০০ টাকা।
(ঘ) প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দান ৫,০০০ টাকা।

জনাব হাবিবের মোট আয় ও করদায় নির্ণয় কর।

সমাধান :

করদাতা : জনাব হাবিব
আয় বর্ষ - ২০১৯ - ২০২০
করবর্ষ - ২০২০ - ২০২১
বেতন খাতে করযোগ্য আয় নির্ণয়

আয়ের বিবরণ		টাকা	টাকা
বেতন খাতে আয় (ধারা- ২১)			
১। মূল বেতন	২৫,০০০×১২		৩,০০,০০০
২। চিকিৎসা ভাতা	১,০০০×১২	১২,০০০	
বাদ অকরধার্য - ১,২০,০০০ টাকা অথবা মূলবেতনের ১০% = ৩০,০০০ (যেটি কম)		৩০,০০০	নাই
৩। উৎসব বোনাস	২৫,০০০×২		৫০,০০০
৪। আপ্যায়ন ভাতা	১,৫০০×১২		১৮,০০০
৫। বাড়ি ভাড়া ভাতা	৩,০০,০০০×৬০%	১,৮০,০০০	
বাদ: অকরধার্য [বার্ষিক ৩,০০,০০০ অথবা মূল বেতনের ৫০% = ১,৫০,০০০ টাকা যেটি কম]		১,৫০,০০	৩০,০০০
৬। যাতায়াত ভাতা	(৩,০০০× ১২)	৩৬,০০০	
বাদ আয়কর ধার্য		৩০,০০০	৬,০০০
৭। অনুমোদিত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার দান (মূল বেতনের ১০%)			৩০,০০০
মোট আয়			৪,৩৪,০০০
বাদ: প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দান			৫,০০০
নিট কর যোগ্য আয়			৪,২৯,০০০

করদাতা : জনাব হাবিব কর রেয়াতযোগ্য আয় নির্ণয়		
১। জীবন বিমার প্রিমিয়াম	১০,০০০	
সর্বোচ্চ সীমা : বিমা মূল্যের ১০%	১৫,০০০	
ছোটটি		১০,০০০
২। শেয়ার ক্রয়		৩০,০০০
৩। অনুমোদিত ভবিষ্য তহবিলে কর্মী ও নিয়োগকর্তার দান (৩০,০০০×২)		৬০,০০০
(ক) প্রকৃত বিনিয়োগ		১,০০,০০০
(খ) মোট আয়ের ২৫% অর্থাৎ (৪,২৯,০০০×২৫%)		১,০৭,২৫০
(গ) সর্বোচ্চ সীমা		১,৫০,০০,০০০
কর রেয়াতযোগ্য আয় (ক,খ, এবং গ এর ,মধ্যে) ছোটটি		১,০০,০০০

করদায় নির্ণয়

বিবরণ	আয়ের সীমা	করের হার	কর (টাকা)
১। প্রথম	৩,০০,০০০	০%	-
২। পরবর্তী	১,০০,০০০	১০%	১০,০০০
৩। অবশিষ্ট ২৯,০০০ এর ১৫%			৪,৩৫০
			১৪,৩৫০
বাদ কর রেয়াত (১,০০,০০০× ১৫%)			১৫,০০০
কর দায়			শূন্য

সারসংক্ষেপ:

একজন করদাতার বেতন খাতে আয় নির্ণয়ে আমরা তার মূল বেতন, বোনাস, যাতায়াত সুবিধা, বাসস্থান সুবিধা, ভবিষ্য তহবিলে দান সহ নিয়োগকর্তার নিকট থেকে প্রাপ্ত সুবিধাগুলো বিবেচনা করি। এ ছাড়াও সুনির্দিষ্ট কিছু খাতে বিনিয়োগ করলে করদাতা কর রেয়াত পেতে পারেন যা তার নীট করদায় হ্রাস করে।

খ) সিকিউরিটি সুদ খাতে আয় (ধারা ২২ ও ২৩) (Income from Interest on Securities Section 22 & 23)

পাঠ-২.খ.১ সিকিউরিটির সুদ খাতে আয়ের মৌলিক ধারণা:

Basic Concepts of Income from Interest on Securities

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সিকিউরিটির সুদ খাতে আয় কী বলতে পারবেন।
- সিকিউরিটির প্রকারভেদ বর্ণনা করতে পারবেন।
- সিকিউরিটির সুদ খাতে আয় থেকে অনুমোদনযোগ্য খরচগুলো সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন।

সিকিউরিটির সংজ্ঞা

Definition of Securities

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২২ ধারায় বলা হয়েছে সরকারি কিংবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা অন্য কোনো কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বন্ড বা ঋণপত্র হতে যে সুদ পাওয়া যায় তাই হলো সিকিউরিটির সুদ খাতে আয়। সিকিউরিটির মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সরকার কর্তৃক ইস্যুকৃত প্রমিজারি নোট, ট্রেজারি বিল, স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ঋণপত্র প্রভৃতি।

সিকিউরিটির শ্রেনিবিভাগ

Classification of Securities

সিকিউরিটি প্রধানত দুই প্রকার। যেমন - (১) সরকারি সিকিউরিটি, (২) সরকার কর্তৃক অনুমোদিত (বাণিজ্যিক) সিকিউরিটি। এসব সিকিউরিটির কোনোটি করমুক্ত আবার কোনোটি করবাদ। নিম্নে সংক্ষেপে সিকিউরিটির শ্রেণিবিভাগ সম্পর্কে আলোকপাত করা হলো :-

১. **সরকারি সিকিউরিটি :** সরকার কর্তৃক ইস্যুকৃত সিকিউরিটি কে সরকারি সিকিউরিটি বলে। যেমন: সরকারি প্রমিজারি নোট, ট্রেজারি বিল প্রভৃতি। সরকারি সিকিউরিটি আবার দু'প্রকার। যেমন -

   (ক) করমুক্ত সরকারি সিকিউরিটি: যেসব সিকিউরিটির সুদ সরকার কর্তৃক করমুক্ত ঘোষণা করা হয় তাকে বলা হয় করমুক্ত সরকারি সিকিউরিটি। এসব সিকিউরিটিধারী করদাতাকে প্রাপ্ত সুদের উপর কোনো কর দিতে হয় না।

   (খ) করবাদ সরকারি সিকিউরিটি: যে সব সিকিউরিটির প্রাপ্ত সুদ থেকে উৎসস্থলে কর কেটে রাখা হয় তাকে বলা হয় করবাদ সরকারি সিকিউরিটি। এসব সিকিউরিটির সুদ প্রদানের সময় করের টাকা সুদ প্রদানকারী কর্তৃপক্ষ কেটে রাখেন।

২. **সরকার অনুমোদিত (বাণিজ্যিক) সিকিউরিটি :** কোনো আর্থিক প্রতিষ্ঠান, কোম্পানি বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত এবং বাংলাদেশ ব্যাংকে ও SEC কর্তৃক অনুমোদিত সিকিউরিটি এ জাতীয় সিকিউরিটি। এ ধরণের সিকিউরিটি ও আবার দু'ধরণের যেমন

   (ক) করমুক্ত অনুমোদিত (বাণিজ্যিক) সিকিউরিটি: বাংলাদেশ ব্যাংক ও SEC কর্তৃক অনুমোদিত যে সব বাণিজ্যিক সিকিউরিটির উপর সুদ প্রদান করতে হয় না তাকে করমুক্ত বাণিজ্যিক সিকিউরিটি বলে। যেমন - জিরো কুপন বন্ড।

(খ) করবাদ অনুমোদিত (বাণিজ্যিক) সিকিউরিটি : যে সব বাণিজ্যিক সিকিউরিটির উপর উৎসস্থলে কর কর্তন করা হয় তাকে বলা হয় করবাদ বাণিজ্যিক সিকিউরিটি। এ ধরনের সিকিউরিটিতে আয় থেকে কর কেটে বাকী টাকা মালিককে প্রদান করা হয়।

অনুমোদনযোগ্য খরচ
Allowable Deductions

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২৩ ধারা অনুসারে সিকিউরিটির সুদ খাতে আয় থেকে নিম্নোক্ত খরচগুলো অনুমোদনযোগ্য :-

i) **কমিশন ও ব্যাংক চার্জ :** ব্যাংক করদাতার পক্ষে সিকিউরিটির সুদ আদায় করলে ব্যাংকের কমিশন ও অন্যান্য চার্জ অনুমোদনযোগ্য খরচ হিসেবে বিবেচিত হবে। তবে করমুক্ত সরকারি ও করমুক্ত বাণিজ্যিক সিকিউরিটির সুদ থেকে কোনো খরচ বাদ যাবেনা।

ii) **ঋণের সুদ :** সিকিউরিটি ক্রয়ের জন্যে করদাতা ঋণ গ্রহণ করলে সে ঋণের উপর প্রদত্ত সুদ সিকিউরিটির সুদ খাতে আয় থেকে বাদ যাবে।

সারসংক্ষেপ:

সিকিউরিটির সুদ খাতে আয় ব্যক্তি করদাতার মোট আয়ের দ্বিতীয় উৎস বা খাত। সরকারি প্রমিজারি নোট, ট্রেজারি বিল, স্থানীয় কোনো কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ঋণপত্র প্রভৃতি থেকে প্রাপ্ত সুদ এ খাতের আয়। সিকিউরিটি প্রধানত সরকারি ও বাণিজ্যিক এ দু'ধরনের। এছাড়াও প্রত্যেকটি আবার করমুক্ত ও করবাদ এ দু'উপভাগেও বিভক্ত। সুদ থেকে সুদ আদায়ের জন্যে ব্যাংক চার্জ ও কমিশন এবং ঋণকৃত মূলধনের সুদ বাদ যোগ্য খরচ।

পাঠ-২.খ.২ কতিপয় বিশেষ দফা এবং সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয়

Some Special Items and Computation of Income from Interest on Securities

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সিকিউরিটির সুদ খাতে আয়ের সাথে সম্পর্কিত কয়েকটি বিশেষ দফা ব্যাখ্যা করতে পারবেন।
- সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয় করতে পারবেন।

কতিপয় বিশেষ দফা
Some Special Items

সুদের মোটাঙ্কিতকরণ : করদাতার প্রাপ্ত নিট সুদকে মোট সুদে রূপান্তর করাকে সুদের মোটাঙ্কিতকরণ বলে। করবাদ সিকিউরিটির ক্ষেত্রে সুদ প্রদানের সময় উৎসস্থলে কর কর্তন করা হয়। তাই করদাতার হাতে প্রাপ্ত সুদ নিট সুদ। তাই এ ক্ষেত্রে নিট সুদকে মোট সুদে রূপান্তরিত করতে হয়।

সূত্র : $$\text{মোট সুদ} = \text{নিট সুদ} \times \frac{১০০}{১০০-\text{কর কর্তনের হার}}$$

কপট লেনদেন : কর এড়ানোর উদ্দেশ্যে সিকিউরিটির বিক্রেতা পুনরায় ক্রয় করার শর্তে সিকিউরিটির সুদ প্রদানের তারিখের কিছু আগে সিকিউরিটি হস্তান্তর বা বিক্রয় করাকে বলা হয় কপট লেনদেন। সাধারণত যার আয় ন্যূনতম করযোগ্য আয় সীমার নিচে তার নিকট সিকিউরিটি বিক্রয় করে দেয়া হয়। এক্ষেত্রে সরকার কর রাজস্ব থেকে বঞ্চিত হয়। এরূপ ক্ষেত্রে সুদের আয়কে আনুপাতিক হারে উভয়ের আয়ের সাথে গণনা করার ক্ষমতা কর কর্তৃপক্ষের আছে।

সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয়

উদাহরণ:১ নিম্নের তথ্যাবলী থেকে মিসেস রত্না ইসলাম এর ২০১৯ - ২০২০ আয় বছরে সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয় করুন:

(i) করমুক্ত সরকারি সিকিউরিটির সুদ ৩০,০০০ টাকা
(ii) করবাদ সরকারি সিকিউরিটির সুদ ১৪,২৫০ টাকা
(iii) করবাদ অনুমোদিত (বাণিজ্যিক) সিকিউরিটির সুদ ৫৯,৩৭৫ টাকা
(iv) ১০% করযোগ্য (বাণিজ্যিক) সিকিউরিটি ক্রয় ২,০০,০০০ টাকা।
(v) স্থানীয় কর্তৃপক্ষের ৯% ঋণপত্র ক্রয় ৮০,০০০ টাকা।

করযোগ্য অনুমোদিত বাণিজ্যিক সিকিউরিটির ক্রয়ে ঋণের সুদ প্রদান ৯০০ টাকা এবং ব্যাংক চার্জ ৫০০ টাকা।

সমাধান:

করদাতা : মিসেস রত্না ইসলাম
আয়বর্ষ : ২০১৯-২০২০ করবর্ষ : ২০২০-২০২১
সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা
সিকিউরিটির সুদ খাতে আয় (ধারা ২২, ২৩)		
(i) করমুক্ত সরকারি সিকিউরিটির সুদ	৩০,০০০	
বাদ অকর ধার্য (সম্পূর্ণ)	৩০,০০০	নাই
(ii) করবাদ সরকারি সিকিউরিটির সুদ $\frac{১৪২৫০\times১০০}{৯৫}$		১৫,০০০

(iii) করবাদ বাণিজ্যিক সিকিউরিটির সুদ $\frac{৫৯৩৭৫\times১০০}{৯৫}$		৬২,৫০০
(iv) করযোগ্য বাণিজ্যিক সিকিউরিটির সুদ (২,০০,০০০ × ১০%)		২০,০০০
(v) ঋনপত্রের সুদ (৮০,০০০ × ৯%)		৭,২০০
		১,০৪,৭০০
বাদ অনুমোদনযোগ্য খরচ ঃ		
(ক) ব্যাংক চার্জ	৫০০	
(খ) ঋণের সুদ	৯০০	১,৪০০
সিকিউরিটির সুদ খাতে আয়		১,০৩,৩০০

উদাহরণ -২: জনাব মজুমদার এর ৩০ জুন ২০২০ সালে সিকিউরিটির সুদ খাতে আয় নিম্নরূপ :

(ক) করমুক্ত সরকারি সিকিউরিটি সুদ - ৩০,০০০ টাকা।

(খ) জিরো কুপন বন্ডের সুদ - ২৫,০০০ টাকা।

(গ) ঋণপত্রের সুদ - ৩৫,০০০ টাকা।

(ঘ) ১২% বাণিজ্যিক সিকিউরিটির সুদ - ২৪,০০০ টাকা।

সিকিউরিটির সুদ সংক্রান্ত খরচগুলো নিম্নরূপ:

(ক) ব্যাংক ঋণের সুদ -- ৫,০০০ টাকা।

(খ) সুদ আদায়ের জন্যে ব্যাংক চার্জ - ২,৫০০ টাকা।

সিকিউরিটি সুদ খাতে জনাব মজুমদারের মোট আয় নির্ণয় করুন।

সমাধান:

করদাতা : জনাব মজুমদার

আয়বর্ষ : ২০১৯ - ২০২০

করবর্ষ : ২০২০ - ২০২১

সিকিউরিটির সুদ খাতে মোট আয় নির্ণয়

সিকিউরিটির সুদ খাতে আয় (ধারা ২২,২৩):	টাকা	টাকা
১। করমুক্ত সরকারি সিকিউরিটির সুদ	৩০,০০০	
বাদ : অকরধার্য (সম্পূর্ণ)	৩০,০০০	-------
২। জিরো কুপন বন্ডের সুদ	২৫,০০০	
বাদ : অকরধার্য (সম্পূর্ণ)	২৫,০০০	-------
৩। ঋণপত্রের সুদ $\frac{৩৫০০০\times১০০}{৯৫}$		৩৬,৮৪২
৪। বাণিজ্যিক সিকিউরিটির সুদ $\frac{২৪০০০\times১০০}{৯৫}$		২৫,২৬৩
বাদ : অনুমোদনযোগ্য খরচসমূহ :		৬২,১০৫
ব্যাংক চার্জ (গণনা - ২)	১,২৯৪	
ঋণের সুদ (গণনা - ২)	২,৫৮৮	৩,৮৮২
সিকিউরিটির সুদ খাতে মোট আয়		৫৮,২২৩

গণনা:

(১) করযোগ্য সুদ ও মোট সুদ আদায়ের পরিমাণ নির্ণয়:

বিবরণ	মোট সুদ আদায়	করযোগ্য সুদ আদায়
করমুক্ত সরকারি সিকিউরিটির সুদ	৩০,০০০	-----
জিরো কুপন বন্ডের সুদ	২৫,০০০	-----
ঋণপত্রের সুদ	৩৫,০০০	৩৫,০০০
বাণিজ্যিক সিকিউরিটির সুদ	২৪,০০০	২৪,০০০
	১,১৪,০০০	৫৯,০০০

(২) অনুমোদনযোগ্য ব্যাংক চার্জ $= [\frac{\text{করযোগ্য সুদ}}{\text{মোট সুদ}} \times \text{মোট ব্যাংক চার্জ}]$

$= [\frac{৫৯০০০}{১১৪০০০} \times ২,৫০০] = ১,২৯৪$

(৩) অনুমোদনযোগ্য সুদ $= [\frac{\text{করযোগ্য সুদ}}{\text{মোট সুদ}} \times \text{মোট ব্যাংক ঋণের সুদ}]$

$= [\frac{৫৯০০০}{১১৪০০০} \times ৫,০০০] = ২,৫৮৮$

সারসংক্ষেপ:

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের বিধান এবং অর্থ আইন অনুসরণ করে আমরা ব্যক্তি করদাতার বিভিন্ন ধরনের সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয় করতে পারি।

গ) গৃহ সম্পত্তি খাতে আয় (ধারা ২৪ ও ২৫) (Income from House Property, Section 24 & 25)

পাঠ-২.গ.১ গৃহ সম্পত্তি খাতে আয় নির্ণয়ের প্রাথমিক আলোচনা

Preliminary Discussion on the Income from House Property

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- গৃহ সম্পত্তি খাতে আয় কী তা বলতে পারবেন।
- গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য বলতে কী বুঝায় তা বর্ণনা করতে পারবেন।
- গৃহ সম্পত্তির আয় থেকে অনুমোদনযোগ্য খরচগুলো বলতে পারবেন।

গৃহ সম্পত্তি খাতে আয়ের অর্থ

Meaning of Income from House Property

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২৪ ধারায় বলা হয়েছে, করদাতার মালিকাধীন গৃহ সম্পত্তি এবং তৎসংলগ্ন ভূমির বার্ষিক মূল্যই গৃহ সম্পত্তি খাতে আয়। অবশ্য বর্তমানে গৃহ সম্পত্তির সাথে ফার্নিচার, ফিটিংস, ফিকচারস্ ভাড়া থেকে আয়ও এ খাতের সাথে যুক্ত হয়। গৃহ সম্পত্তি ভাড়া নিয়ে প্রকৃতপক্ষে যে আয় হয় তার উপর কর দিতে হবে। মালিক নিজে গৃহ সম্পত্তি বসবাসের জন্যে ব্যবহার করলে তার উপর কোনো কর প্রদান করতে হয়না।

গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য

Annual Value of House Property

গৃহ সম্পত্তি যে মূল্যে ভাড়া দেয়া হয়েছে বা ন্যায়সঙ্গতভাবে ভাড়া দিয়ে যে মূল্য পাওয়া যেতো তাকেই বলা হয় ঐ গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য। অনেক সময় পৌরসভা গৃহের পৌরমূল্য নিণৃয় করে দেয়, এ ক্ষেত্রে ভাড়ামূল্য ও পৌরমূল্যের মধ্যে যেটি বড় সেটিই বার্ষিক মূল্য হিসেবে বিবেচিত হয়। বার্ষিক মূল্য নির্ধারনের সুবিধার্থে গৃহ সম্পত্তিকে তিন ভাগে করা যায়। যেমন :-

(i) **সম্পূর্ণ ভাড়া দেয়া গৃহ :** সম্পূর্ণ ভাড়া দেয়া গৃহের ক্ষেত্রে ভাড়া দিয়ে গৃহ সম্পত্তি থেকে এক বছরে যে আয় হয় সেটি অথবা পৌরসভা কর্তৃক নির্ধারিত মূল্য এ দু'য়ের যেটি বড় সেটি বার্ষিক মূল্য হিসেবে বিবেচিত হবে।

(ii) **মালিকের আবাসিক গৃহ :** ১৯৯৩ সালের অর্থ আইন অনুসারে কোনো গৃহ সম্পত্তির মালিক গৃহে নিজে বসবাস করলে এরূপ গৃহের জন্যে কোনো কর প্রদান করতে হয় না। তাই এরূপ গৃহের বার্ষিক মূল্য নির্ণয়েরও প্রয়োজন হয় না। তবে এ ক্ষেত্রে পৌর মূল্যকে বার্ষিক মূল্য হিসেবে গণ্য করা যেতে পারে।

(iii) **আংশিক ভাড়া দেয়া এবং আংশিক আবাসিক গৃহ:** কোনো গৃহের অংশ বিশেষ ভাড়া দেয় হলে এবং বাকী অংশ মালিক নিজে বসবাসের জন্যে ব্যবহার করলে ভাড়া দেয়া অংশের বার্ষিক মূল্য পৃথকভাবে নির্ণয় করতে হয়।

এক্ষেত্রে ভাড়া দেয়া অংশের মূল্য উপরোক্ত (i) নিয়মে নির্ণয় করতে হয় এবং আবাসিক অংশের ক্ষেত্রে প্রয়োজনে পৌর মূল্যকে বিবেচনা করা যেতে পারে। পৌর মুল্য উল্লেখ না থাকলে মূল্য নির্ণয়ের দরকার হয় না।

গৃহ সম্পত্তি খাতে অনুমোদনযোগ্য খরচসমূহ

Allowable Deductions for Income from House Property

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২৫ ধারা অনুযায়ী গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য থেকে অনুমোদনযোগ্য খরচগুলো নিম্নরূপ:

(i) মেরামত ও রক্ষণাবেক্ষন খরচ
(ii) পৌর কর
(iii) ভূমির খাজনা
(iv) ঋণকৃত মূলধনের সুদ
(v) বন্ধকী ঋণের সুদ
(vi) বিমা প্রিমিয়াম
(vii) শূণ্যতা ভাতা
(viii) অনাদায়ী ভাড়া
(ix) ভূমির ভাড়া

সারসংক্ষেপ:

ভাড়া দেয়া গৃহের ক্ষেত্রে আমরা ভাড়া মূল্য কিংবা পৌর মূল্যের মধ্যে যেটি বড় সেটিকে বার্ষিক মূল্য হিসেবে বিবেচনা করি। বার্ষিক মূল্য থেকে অনুমোদনযোগ্য খরচ বাদ দিয়ে এ খাতে আয় নির্ণয় করা হয়। আবাসিক গৃহের ক্ষেত্রে কর প্রদান করতে হয় না, তাই বার্ষিক মূল্য নির্ণয়ের দরকার হয় না।

পাঠ-২.গ.২ গৃহ সম্পত্তি খাতে আয় নির্ণয়

Computation of Income from House Property

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- গৃহ সম্পত্তি খাতে করদাতার আয় নির্ণয় এর বাস্তব সমস্যা হাতে কলমে সমাধান করতে পারবেন,

উদাহরণ - ১: জনাব নাজনীন জাহান এর সিলেট শহরে একটি বাড়ি আছে যা একটি বিমা কোম্পানিকে মাসিক ৫০,০০০ টাকায় ভাড়া দেয়া হয়েছে। বাড়িটির পৌরমূল্য ৫,০০,০০০ টাকা। বাড়ি সংক্রান্ত অন্যান্য খরচসমূহ নিম্নরূপ:

সিঁড়ির পাশে দেয়া লাইটের বিদ্যুৎ খরচ	৩,০০০ টাকা
পানি উঠানোর বিদ্যুৎ খরচ	৭,০০০ টাকা
লিফট চালানোর খরচ	২,০০০ টাকা
পাম্প চালানোর খরচ	৩,০০০ টাকা
পাহারাদারের বেতন	৪,০০০ টাকা
মেরামত	১,৭৮,০০০ টাকা
জমির খাজনা	১,৮০০ টাকা
অগ্নি বিমা সেলামি	১,৪০০ টাকা

২০১৯-২০২০ আয়বর্ষের জন্যে জনাব নাজনীন জাহান এর মোট আয় নির্ণয় করুন।

সমাধান:

করদাতা : জনাব নাজনীন জাহান
আয়বর্ষ ২০১৯-২০২০
করবর্ষ : ২০২০-২০২১
গৃহ সম্পত্তি খাতে মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা
গৃহ-সম্পত্তি খাতে মোট আয় (ধারা ২৪, ২৫)		
বার্ষিক মূল্য:		
ভাড়া মূল্য (৫০,০০০×১২)	৬,০০,০০০	
পৌরমূল্য	৫,০০,০০০	
যেটি বড়		৬,০০,০০০
বাদ : অনুমোদনযোগ্য খরচসমূহ :		
১। মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ (৬,০০,০০০×৩০%)	১,৮০,০০০	
২। জমির খাজনা	১,৮০০	
৩। অগ্নি বিমা সেলামি	১,৪০০	১,৮৩,২০০
গৃহ-সম্পত্তি খাতে মোট আয়		৪,১৬,৮০০

উদাহরণ- ২: জনাব রনজিত চৌধুরীর একটি বাড়ি আছে। বাড়িটির অর্ধেক মাসিক ৩০,০০০ টাকায় ভাড়া দেয়া হয়েছে এবং অপর অর্ধাংশে তিনি নিজে বাস করেন। বাড়িটির পৌরমূল্য ৬,০০,০০০ টাকা। ঐ বছরে বাড়িটির খরচ নিম্নরূপ ছিল: ভূমি উন্নয়ন কর ৩,০০০ টাকা; মেরামত খরচ ১,৭৭,০০০ টাকা; হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ঋণের সুদ ৫০,০০০ টাকা এবং পৌরকর ৮,০০০ টাকা। ঐ বছরে বাড়িটিতে ২ মাস কোনো ভাড়াটিয়া ছিল না।
জনাব রনজিত চৌধুরীর ২০২০-২০২১ আয়বর্ষে গৃহ সম্পত্তি খাতে আয় নির্ণয় করুন।

সমাধান:

করদাতা : জনাব রনজিত চৌধুরী
আয়বর্ষ ২০১৯-২০২০
করবর্ষ ২০২০-২০২১
গৃহ সম্পত্তি খাতে আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা
গৃহসম্পত্তি খাতে আয় (ধারা ২৪,২৫)		
(ক) ভাড়া দেয়া অংশ হতে আয় :		
বার্ষিক মূল্য:		
ভাড়া মূল্য (৩০,০০০ $\times$ ১২)	৩,৬০,০০০	
পৌর মূল্য (৬,০০,০০০ $\times \frac{১}{২}$)	৩,০০,০০০	
যেটি বড়		৩,৬০,০০০
বাদ : অনুমোদনযোগ্য খরচ :		
(i) মেরামত খরচ (বার্ষিক মূল্যের ২৫%)	৯০,০০০	
(ii) ভূমি উন্নয়ন কর (৩,০০০ $\times \frac{১}{২}$)	১,৫০০	
(iii) হউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ঋণের সুদ (৫০,০০০ $\times \frac{১}{২}$)	২৫,০০০	
(iv) পৌরকর (৮,০০০ $\times \frac{১}{২}$)	৪,০০০	
(v) শূন্যতা ভাতা (৩,৬০,০০০ $\times \frac{১}{১২} \times$ ২)	৬০,০০০	১,৮০,৫০০
(খ) আবাসিক অংশের আয় (সম্পূর্ণ অকরধার্য)		নাই
গৃহসম্পত্তি খাতে মোট আয়		১,৭৯,৫০০

সারসংক্ষেপ:

বার্ষিক মূল্য থেকে অনুমোদনযোগ্য খরচগুলো বাদ দিয়ে আমরা একজন করদাতার গৃহ সম্পত্তি খাতে আয় বর্ষে প্রাপ্ত মোট আয় নির্ণয় করতে পারি।

ঘ) কৃষি খাতে আয় ধারা ২৬, ২৭ (Income from Agriculture, Section26, 27)

পাঠ-২.ঘ.১ কৃষি আয় সম্পর্কে প্রাথমিক আলোচনা

Elementary Discussion on Agricultural Income

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কৃষি আয় কী তা বলতে পারবেন,
- কৃষি আয়ের বৈশিষ্ট্য বলতে পারবেন,
- কৃষি আয় থেকে অনুমোদনযোগ্য খরচ এর তালিকা উল্লেখ করতে পারবেন,
- আংশিক কৃষি আয় কী বলতে পারবেন।

কৃষি আয় কী

What is Agricultural income

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২(১) ধারায় বলা হয়েছে বাংলাদেশে অবস্থিত ও কৃষি কাজে ব্যবহৃত ভূমি হতে প্রাপ্ত যে কোনো আয়কে কৃষি আয় বলা হবে। কৃষি আয়ের অন্তর্ভূক্ত বলে বিবেচিত হবে কৃষি জমিতে উৎপাদিত ফসল হতে প্রাপ্ত আয়, কৃষি জমি অন্যকে বর্গা চাষে দেয়া থেকে আয়, কৃষি যন্ত্রপাতি বিক্রয় থেকে প্রাপ্ত আয়, চা বাগান, চিনি কল, রাবার চাষ প্রভৃতির আয়ের অংশবিশেষ। করদাতার শুধুমাত্র কৃষি আয় থাকে ২,০০,০০০ টাকা পর্যন্ত অকরধার্য।

কৃষি আয়ের বৈশিষ্ট্য

Characteristics of Agricultural Income

আয়ের অপরাপর উৎস বা খাতের ন্যায় কৃষি আয়ের কিছু বৈশিষ্ট্য রয়েছে যা কৃষি আয়কে অন্য খাত থেকে পৃথক করেছে। নিম্নে প্রধান কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করা হলো

i) কৃষি আয় কৃষি ভূমি থেকে অর্জিত হতে হবে এবং তা কৃষির মৌলিক প্রক্রিয়ার সাথে সম্পর্কিত হতে হবে।
ii) কৃষি জমির অবস্থান বাংলাদেশের ভিতরে হতে হবে।
iii) কৃষি ভূমি হতে উৎপন্ন ফসল বিক্রয় থেকে এ আয় অর্জিত হবে।
iv) কৃষি ভূমি অন্যকে কৃষি কার্যের জন্যে বর্গা দেয়া থেকে আয়ও এরূপ আয় হিসেবে গণ্য হবে।
v) কৃষি আয় নগদে বা পণ্য আকারেও হতে পারে।

আংশিক কৃষি আয়

Partly Agricultural Income

এমন কিছু খাতে আয় আছে যার কিছু অংশ কৃষির স্বাভাবিক প্রক্রিয়ার সাথে মিল আছে এবং বাকী অংশ শিল্পের সাথে মিলে যায় এরূপ আয়ের একাংশ (৬০%) কৃষি আয় এবং বাকিটুকু (৪০%) ব্যবসায় খাতে আয় হিসেবে গণ্য হয়। যেমন - চা বাগানের আয়, রাবার চাষের আয়, চিনি কলের আয় প্রভৃতি।

কৃষি আয় থেকে অনুমোদনযোগ্য খরচ

Allowable Deductions from Agricultural Income

আয়কর অধ্যাদেশের বিধান অনুযায়ী কৃষি খাতের আয় থেকে নিম্নোক্ত খরচগুলো অনুমোদনযোগ্য:

i) জমির খাজনা বা ভূমি উন্নয়ন কর সংশ্লিষ্ট বছরে কৃষি আয় থেকে বাদ যাবে।
ii) কৃষি কার্যে ব্যবহৃত ভূমির জন্যে প্রদত্ত স্থানীয় কর ও এরূপ আয় থেকে বাদ যাবে
iii) কৃষি যন্ত্রপাতির মেরামত খরচ এবং গবাদি পশুর লালন পালন খরচ অনুমোদনযোগ্য খরচ।
iv) কৃষি ভূমির চাষাবাদ ও কর্ষন খরচও অনুমোদনযোগ্য খরচ।
v) কৃষি পণ্যের পরিবহন খরচ,
vi) কৃষি কার্যে ব্যবহৃত যন্ত্রপাতির অবচয়,
vii) কৃষি জমি অর্জনে ও সংরক্ষনে ঋণকৃত মূলধনের সুদ,
viii) উৎপন্ন ফসল ও পশুর বিমা খরচ

করদাতা এরূপ খরচের হিসাব না রাখলে মোট কৃষি আয়ের ৬০% হারে উৎপাদন খরচ অনুমোদনযোগ্য।

সারসংক্ষেপ:

কৃষি কাজে ব্যবহৃত ভূমি হতে প্রাপ্ত যে কোনো আয়কে কৃষি আয় বলা হয়। যদি করদাতার শুধুমাত্র কৃষি আয় থাকে তাহলে ২,০০,০০০ টাকা পর্যন্ত অকরধার্য। আংশিক কৃষি, আংশিক শিল্পখাতে আয়ের ক্ষেত্রে, আয়ের একাংশ (৬০%) কৃষি আয় এবং বাকিটুকু (৪০%) ব্যবসায় খাতে আয় হিসেবে গণ্য করা হয়। করদাতা যদি খরচের হিসাব না রাখেন, তাহলে মোট কৃষি আয়ের ৬০% হারে উৎপাদন খরচ অনুমোদনযোগ্য।

পাঠ-২.ঘ.২ কৃষি খাতে আয় নির্ণয়

Computation of income from agriculture

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কৃষি খাতের আয় নির্ণয় করতে পারবেন,

ব্যবহারিক সমস্যা
Practical Problem

উদাহরণ - ১: নিম্নলিখিত তথ্যাবলি হতে জনাব সাদেক এর ২০১৯ - ২০২০ আয়বর্ষে কৃষি খাতে মোট আয় নির্ণয় করুন:

(i) ধান বিক্রয় ৪০,০০০ টাকা;
(ii) পাট বিক্রয় ৬০,০০০ টাকা;
(iii) বর্গা প্রদত্ত কৃষি জমি হতে নগদপ্রাপ্তি ১,০০,০০০০ টাকা;
(iv) চা বাগান হতে আয় ৫০,০০০ টাকা;
(v) ডেইরি ফর্মের আয় ৩০,০০০ টাকা;
(vi) কৃষি খাতের খরচগুলো হলো:
স্থানীয় কর ৩,০০০ টাকা;
বিমা সেলামি ৫,০০০ টাকা;
ঋণের সুদ ২০,০০০।

সমাধান :

করদাতা : জনাব সাদেক
আয়বর্ষ : ২০১৯ - ২০২০
করবর্ষ : ২০২০ - ২০২১
কৃষিখাতে মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা
কৃষিখাত আয় (ধারা - ২৬, ২৭)		
১। ফসল বিক্রয়:		
(i) ধান বিক্রয়	৪০,০০০	
(ii) পাট বিক্রয়	৬০,০০০	১,০০,০০০
২। বর্গা চাষের আয়		১,০০,০০০
৩। চা বাগান হতে আয় (৫০,০০০×৬০%)		৩০,০০০
৪। ডেইরি ফার্মের আয়		১৮,০০০
কৃষি খাতে মোট আয়		২,৪৮,০০০
বাদ : অনুমোদনযোগ্য খরচসমূহ:		
(i) উৎপাদন খরচ (১,০০,০০০ ×৬০%)	৬০,০০০	
(ii) স্থানীয় কর	৩,০০০	
(iii) বিমা সেলামি	৫,০০০	
(iv) ঋণের সুদ	২০,০০০	৮৮,০০০
কৃষিখাতে মোট করযোগ্য আয়		১,৬০,০০০

উদাহরণ - ২: ২০২০ সালের ৩০ জুন তারিখে জনাব তালুকদার এর কৃষি খাতে আয় নিম্নরূপ:
পাট বিক্রয় : প্রতি মণ ১,০০০ টাকা হারে ৪০০ মণ।
ধান বিক্রয় : প্রতি মণ ৮০০ টাকা হারে ৫০০ মণ।
কৃষি জমি ইজারা প্রদান হতে আয় ৭০,০০০ টাকা।
আখ বিক্রয় : ১,৫০,০০০ টাকা।
উপরোক্ত আয়সমূহের জন্য সংশ্লিষ্ট ব্যয়সমুহ:
ভূমি রাজস্ব পরিশোধ ৩০,০০০ টাকা; ইউনিয়ন পরিষদ কর ১৫,০০০ টাকা; শস্য বিমা সেলামি ২০,০০০ টাকা; অনুমোদনযোগ্য অবচয় ১৫,০০০ টাকা; বন্ধকী ঋণের সুদ ৮,৫০০ টাকা।
জনাব তালুকদারের একটি ওজনকারী যন্ত্র ছিল যা ৩০,০০০ টাকায় কেনা হয়েছিল। যন্ত্রটি বিকল হওয়ায় উহা ১৮,০০০ টাকায় বিক্রয় করা হয়। বিক্রয়ের সময় যন্ত্রটির অবলোপিত মূল্য ছিল ২৩,০০০ টাকা। উৎপাদন সংক্রান্ত হিসাবের বই তলব করা হলে তালুকদার সাহেব যথাযথ হিসাব বই প্রদর্শনে ব্যর্থ হন। তবে তিনি উৎপাদন খরচ ৩,০০,০০০ টাকা হয়েছে বলে দাবি করেন।
জনাব তালুকদার এর করযোগ্য আয় নির্ণয় করুন।
সমাধান:

করদাতা : জনাব তালুকদার
আয়বর্ষ : ২০১৯ - ২০২০
করবর্ষ : ২০২০ - ২০২১
কৃষি খাতে মোট আয় নির্ণয়

আয়ের খাত ও বিবরণ	টাকা	টাকা
কৃষি খাতে আয় (ধারা-২৬):		
(i) পাট বিক্রয় (৪০০×১,০০০)	৪,০০,০০০	
(ii) ধান বিক্রয় (৫০০×৮০০)	৪,০০,০০০	
(iii) আখ বিক্রয়	১,৫০,০০০	৯,৫০,০০০
কৃষি জমি ইজারা হতে আয়		৭০,০০০
		১০,২০,০০০
কৃষি যন্ত্র বিক্রয় জনিত ক্ষতি (২৩,০০০-১৮,০০০)		(৫,০০০)
		১০,১৫,০০০
বাদ : অনুমোদনযোগ্য খরচ :		
১। উৎপাদন খরচ (৯,৫০,০০০×৬০%)	৫,৭০,০০০	
২। ভূমি রাজস্ব	৩০,০০০	
৩। ইউনিয়ন পরিষদের কর	২০,০০০	
৪। শস্য বিমা	২০,০০০	
৫। অনুমোদনযোগ্য অবচয়	১৫,০০০	
৬। বন্ধকী ঋণের সুদ	৮,৫০০	৬,৬৩,৫০০
		৩,৫১,৫০০
বাদ : অকরধার্য		২,০০,০০০
কৃষি খাতে করযোগ্য আয়		১,৫১,৫০০

সারসংক্ষেপ:

ব্যক্তি করদাতার চতুর্থ গুরুত্বপূর্ণ খাত হলো কৃষি খাতে আয়। বাংলাদেশে অবস্থিত কৃষি জমিতে চাষাবাদের স্বাভাবিক প্রক্রিয়ার উৎপন্ন ফসল বিক্রয় থেকে আয় এ খাতের অন্তর্ভূক্ত। কৃষি আয়ের বিশেষ কিছু বৈশিষ্ট্য এ আয়কে অন্য উৎস থেকে স্বতন্ত্র করেছে। চাষাবাদের জন্যে কতিপয় খরচকে আয় কর আইনে অনুমোদনযোগ্য হিসেবে বিবেচনা করা হয়েছে। এ খাতের কিছু আয় সম্পূর্ণ কৃষি আয় আর কিছু আয় আংশিক কৃষি আয়।

ঙ) ব্যবসায় ও পেশা খাতে আয় (ধারা ২৮, ২৯, ৩০) Income from Business and Profession (Sec 28, 29, 30)

পাঠ-২.ঙ.১ ব্যবসায় ও পেশা খাতে আয়ের প্রাথমিক আলোচনা
Elementary Discussion on Business and Professional Income

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- ব্যবসায় ও পেশা কী বলতে পারবেন,
- ব্যবসায় ও পেশা খাতে আয় কী বলতে পারবেন,
- ব্যবসায় ও পেশা খাতে আয় থেকে অনুমোদনযোগ্য খরচ সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন।

ব্যবসায় কী?
What is Business?

সাধারণভাবে ব্যবসায় বলতে মুনাফা অর্জনের উদ্দেশ্যে পণ্যের ক্রয়-বিক্রয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলীকে বুঝায়। আয়কর আইনে ব্যবসায় বলতে পণ্য দ্রব্যের উৎপাদন, আমদানি-রপ্তানি, ক্রয়-বিক্রয়, পরিবহন, ব্যাংক, বীমা, গুদামজাতকরণ প্রভৃতি যাবতীয় কর্ম প্রচেষ্ঠাকে ব্যবসায় বলা হয়।

পেশা কী
What is Profession?

বিশেষায়িত জ্ঞান সম্পর্কিত কোনো কাজ বা বৃত্তি যা সামাজিকভাবে স্বীকৃত নৈতিক ও স্বাধীন কার্য এবং যে কাজ মানসিক শ্রম প্রধান তাকে বলা হয় পেশা। এ ধরণের কাজ থেকে পারিশ্রমিক হিসেবে ফি পাওয়া যায়। যেমন্ শিক্ষক, চিকিৎসক, আইনজীবির পারিশ্রমিক বা ফি।

ব্যবসায় বা পেশা খাতে আয় কী?
What is Income from Business or Profession?

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২৮ (১) ধারা অনুসারে ব্যবসায় বা পেশা খাতে আয় হিসেবে গণ্য হয়:-

(i) আয় বছরে করদাতা বা প্রতিনিধি কর্তৃক পরিচালিত ব্যবসায় বা পেশা হতে প্রাপ্ত আয় বা মুনাফা
(ii) ব্যবসায় বা পেশা খাত থেকে প্রাপ্ত সুবিধার মূল্য
(iii) পেশাদার সংঘের সদস্যদের সেবা কার্যের জন্যে প্রাপ্ত আয়
(iv) আংশিক কৃষি আয়ের অবশিষ্ট (৪০%) আয়
(v) ব্যবসায়ে ব্যবহৃত বৈজ্ঞানিক গবেষণা কার্যে ব্যবহৃত সম্পত্তির বিক্রয় মূল্য

ব্যবসায় বা পেশা খাতে অনুমোদনযোগ্য খরচসমূহ
Allowable expenses in Business or Profession

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৯(১) ধারা অনুযায়ী ব্যবসায় অথবা পেশা থেকে আয় নির্ণয়ে নিম্নোক্ত খরচগুলো অনুমোদনযোগ্য:

(i) ব্যবসায় বা পেশার জন্যে ব্যবহৃত গৃহ অথবা আঙ্গিঁনায় ভাড়া,
(ii) করদাতা কর্তৃক বহনকৃত ভাড়া গৃহের মেরামত খরচ,

(iii) ব্যবসায়ের জন্যে ঋণকৃত মূলধনের সুদ
(iv) ব্যবসায় বা পেশার জন্যে ব্যবহৃত সম্পত্তির চলতি মেরামত ব্যয়,
(v) অনুমোদিত অবচয় ভাতা
(vi) ব্যবসায় বা পেশায় ব্যবহৃত সম্পত্তি বা মজুদের জন্যে গৃহীত বিমার জন্যে প্রদত্ত বিমা প্রিমিয়াম,
(vii) মৃত বা অকেজো পশুর লোকসান
(viii) আয় বর্ষে অবলোপিত প্রকৃত কুঋণ বা অনাদায়ী পাওনা
(ix) অন্যান্য পেশাগত অনুমোদিত ব্যয়

সারসংক্ষেপ:

মুনাফা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত যাবতীয় বৈধ কার্যাবলী ব্যবসায়ের আওতাভুক্ত। পক্ষান্তরে বিষেশায়িত জ্ঞান ও দক্ষতা নির্ভর স্বীকৃত নৈতিক কার্যই হলো পেশা।

পাঠ-২.৬.২ ব্যবসায় ও পেশা খাতে আয় নির্ণয়

Computation of Income from Business and Profession

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- করদাতার ব্যবসায় বা পেশা খাতে আয় নির্ণয়ের বাস্তব সমস্যা হাতে কলমে সমাধান করতে পারবেন।

উদাহরণ -১ : নিম্নোক্ত প্রাপ্তি ও পরিশোধ হিসাব হতে জনাব জামান এর ব্যবসায় ও পেশা খাতে মোট আয় নির্ণয় করুন:

প্রাপ্তি ও পরিশোধ হিসাব

৩০ জুন, ২০২০

প্রাপ্তিসমূহ	টাকা	পরিশোধসমূহ	টাকা
জের স্থানান্তরিত	৬০,০০০	কর্মচারীদের বেতন	২৪,৬০০
গ্রাহকের নিকট হতে ফি গ্রহণ	৬০,০০০	প্রশাসনিক ব্যয়	২৩,৪০০
লটারি হতে আয়	৪,০০০	আয়কর প্রদান	২,০০০
সম্পত্তির ভাড়া আয়	২৮,০০০	মেরামত ব্যয়	৪,০০০
ব্যবসায়ের মুনাফা	৯,০০০	ব্যবসায়ের জন্যে ঋণের সুদ	৩,০০০
		আসবাবপত্র ক্রয়	২৩,০০০
		জের স্থানান্তরিত	৮১,০০০
	১,৬১,০০০		১,৬১,০০০

সমাধানঃ

করদাতা : জনাব জামান আয়বর্ষ : ২০১৯-২০২০ করবর্ষ : ২০২০-২০২১ ব্যবসায় বা পেশা খাতে আয় নির্ণয়		
কারবার বা পেশা খাতে আয় (ধারা ২৮, ২৯, ৩০) :		
পেশাগত আয় :		
গ্রাহকের নিকট হতে ফি গ্রহণ	৬০,০০০	
ব্যবসায়ের মুনাফা	৯,০০০	৬৯,০০০
বাদ - পেশাগত ব্যয় :		
কর্মচারীদের বেতন	২৪,৬০০	
প্রশাসনিক ব্যয়	২৩,৪০০	
মেরামত ব্যয়	৪,০০০	
ব্যবসায়ের জন্যে ঋণের সুদ	৩,০০০	৫৫,০০০
ব্যবসায় ও পেশা খাতে মোট আয়		১৪,০০০

সারসংক্ষেপ:

আয় বর্ষে কোনো ব্যক্তির অন্যান্য উৎসের সাথে ব্যবসায় ও পেশা খাতে আয় কিংবা শুধুমাত্র ব্যবসায় ও পেশা খাতে আয় থাকলে প্রাপ্ত আয়ের সাথে অনুমোদনযোগ্য খরচের সমন্বয় করে করযোগ্য আয় নির্ণয় করা যায়।

চ) মূলধনী লাভ খাতে আয় (ধারা ৩১, ৩২) Income from Capital Gain (Sec 31, 32)

পাঠ-২.চ.১ মূলধনী লাভ খাতে আয় সম্পর্কিত মৌলিক ধারণা

Basic Concepts about Income from Capital Gain

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- মূলধনী লাভ কী বলতে পারবেন,
- মূলধনী লাভ থেকে অনুমোদনযোগ্য খরচ সম্পর্কে ধারনা পাবেন,
- কর অব্যাহতিপ্রাপ্ত মূলধনী লাভ বর্ণনা করতে পারবেন।

মূলধনী লাভ কী?

What is Capital Gain?

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ৩১ ধারায় বলা হয়েছে কোনো মূলধনী সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে করদাতার কোনো আয় হলে তা মূলধনী লাভ খাতের আওতায় করধার্য হবে। অর্থাৎ মূলধনী সম্পত্তির বিনিময়, বিক্রয় বা হস্তান্তর থেকে করদাতার যে মুনাফা হয় তাই মূলধনী লাভ। কোনো আয় বা মুনাফা মূলধনী লাভ খাতে আয় হতে হলে তাকে অবশ্যই নিম্নোক্ত শর্ত পূরণ করতে হবে:

i) মূলধনী লাভ অবশ্যই মূলধনী সম্পত্তি হস্তান্তর, বিক্রয় বা বিনিময় হতে আসতে হবে।
ii) মূলধনী সম্পত্তি বিক্রেতার নিকট থেকে ক্রেতার নিকট হস্তান্তর হতে হবে।
iii) মূলধনী লাভ অর্জনের বছরেই তা করধার্য হবে।
iv) মূলধনী লাভ খাতে কোনো লোকসান হলে তা সমন্বয় করা যাবে।

মূলধনী লাভ বা আয় নির্ণয়

Computation of Capital Gain

আয়কর অধ্যাদেশের ৩২ (১) ধারায় মূলধনী লাভ নির্ণয়ে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হয়েছে :

i) **মূলধনী সম্পত্তির ন্যায্য মূল্য নির্ধারণ :** মূলধনী সম্পত্তির বিক্রয়মূল্য বা হস্তান্তরের সময় প্রাপ্ত সম্পূর্ণ মূল্য বা ন্যায্য বাজার মূল্য এগুলোর মধ্যে যেটি বড় সেটিই হবে মূলধনী সম্পত্তির ন্যায্য মূল্য।

ii) **মূলধনী সম্পত্তির ন্যায্য মূল্য থেকে নিম্নোক্ত খরচ বাদ যাবে :**

১। মূলধনী সম্পত্তির হস্তান্তর খরচ
২। মূলধনী সম্পত্তির অর্জন বা ক্রয়ের ব্যয়
৩। মূলধনী সম্পত্তির উন্নয়ন ব্যয়
৪। মূলধনী সম্পত্তির বিক্রয় খরচ

মূলধনী লাভ থেকে অনুমোদনযোগ্য খরচ

Allowable Expenses of Capital Gain

আয়কর অধ্যাদেশের ৩২ (১) ধারা অনুযায়ী মূলধনী লাভ থেকে নিম্নের খরচগুলো বাদ যায়:

১। মূলধনী সম্পত্তি হস্তান্তর সম্পর্কিত যে কোনো ব্যয়
২। মূলধনী সম্পত্তি অর্জনের জন্যে যে কোনো ব্যয়

কর অব্যাহতি প্রাপ্ত মূলধনী লাভ

Tax Exampled Capital Gain

আয়কর অধ্যাদেশের বিধান অনুযায়ী নিম্লোক্ত আয়গুলো এ খাতে কর অব্যাহতি পায়।

১। ব্যবসা বা পেশার জন্যে ব্যবহৃত মূলধনী লাভ কতিপয় শর্ত পালন সাপেক্ষে অব্যাহতিযোগ্য

২। দলিল বা ভূমি হস্তান্তর জনিত মূলধনী লাভ কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলে কর অব্যাহতি পাবে।

৩। সরকারি সিকিউরিটি হস্তান্তর জনিত মূলধনী লাভ কর অব্যাহতি পায়।

৪। নতুন কোম্পানীতে বিনিয়োগ করলে ফার্মের মূলধনী লাভও কর অব্যাহতি যোগ্য।

সারসংক্ষেপ:

মূলধনী সম্পত্তির বিনিময়, হস্তান্তর বা বিক্রয় থেকে প্রাপ্ত লাভ মূলধনী লাভ। মূলধনী সম্পত্তির বিক্রয় মূল্য থেকে অর্জন ব্যয় বাদ দিলে এ লাভ পাওয়া যায়।

পাঠ-২.চ.২ মূলধনী লাভ খাতে আয় নির্ণয়

Computation of Income from Capital Gain

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- ব্যক্তি করদাতার মূলধনী লাভ খাতে আয় নির্ণয়ের বাস্তব সমস্যার সমাধান করতে পারবেন।

উদাহরন - ১: মি: চৌধুরী ব্যবসায় কাজে ব্যবহৃত ২,০০,০০০ টাকায় ক্রয় করা একটি যন্ত্র ২,৬০,০০০ টাকা ন্যায্য বাজার মূল্যে বিক্রয় করেন। যন্ত্রটি বিক্রয়ে ১০,০০০ টাকা খরচ হয়। যন্ত্রটির কার্যক্ষমতার উন্নয়নে আরও ৩০,০০০ টাকা ব্যয় হয়। বিক্রয়ের সময় যন্ত্রটির পুঞ্জিভূত অবচয় ছিল ৪৫,০০০ টাকা। ২০২০-২০২১ কর বর্ষে মি: চৌধুরীর মূলধনী লাভ খাতে আয় নির্ণয় করুন।

সমাধান:

মি: চৌধুরী
আয় বর্ষ ২০১৯-২০২০
কর বর্ষ ২০২০-২০২১
মূলধনী লাভ খাতে মোট আয় নির্ণয়

আয়ের বিবরন	টাকা	টাকা
মূলধনী লাভ খাতে আয় (ধারা ৩১, ৩২)		
মূলধনী সম্পত্তি হস্তান্তরের সময় ন্যায্য মূল্য		২,৬০,০০০
বাদ অনমোদনযোগ্য খরচ :		
i) সম্পত্তির উন্নয়ন খরচ	৩০,০০০	
ii) বিক্রয় খরচ	১০,০০০	
iii) সম্পত্তির ক্রয়মূল্য	২,০০,০০০	
		২,৪০,০০০
মূলধনী লাভ		২০,০০০

টিকা: মূলধনী লাভ নির্ণয়ে সম্পত্তির পুঞ্জিভূত অবচয় বাদ যায় না।

উদাহরন - ২: জনাব আবুল হোসেন ২০১৭ সালের ১ জুলাই তাঁর প্রতিষ্ঠানের জন্যে ৪০,০০,০০০ টাকা দিয়ে একটি ফ্লাট ক্রয় করেন। তিনি ২০২১ সালের ২৫ জানুয়ারি ফ্লাটটি ৪৬,০০,০০০ টাকায় বিক্রয় করেন। উক্ত ফ্লাটের জন্য আনুমোদিত অবচয় ৫,৩০,০০০ টাকা ছিল। বিজ্ঞাপন খরচ ১৪,০০০ টাকা। ২০২০-২০২১ আয়বর্ষে জনাব আবুল হোসেনের মূলধনী লাভ খাতে আয় নির্নয় করুন।

সমাধান:

জনাব আবুল হোসেন
আয় বর্ষ ২০২০-২০২১
কর বর্ষ ২০২১-২০২২
মূলধনী লাভ খাতে মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ		টাকা	টাকা
মূলধনী লাভ খাতে আয় (ধারা ৩১, ৩২)			
সম্পত্তির বিক্রয়মূল্য		৪৬,০০,০০০	
বাদ ক্রয়মূল্য	৪০,০০,০০০		
বিজ্ঞাপন খরচ	১৪,০০০	৪০,১৪,০০০	
			৫,৮৬,০০০
মূলধনী লাভ			৫,৮৬,০০০

সারসংক্ষেপ:

মূলধনী সম্পত্তির ন্যায্য মূল্য থেকে উক্ত সম্পত্তির অর্জন ব্যয় এবং অন্যান্য অনুমোদিত খরচ বাদ দিয়ে মূলধনী লাভ খাতে আয় নির্ণয় করা হয়।

ছ) অন্যান্য উৎস খাতে আয় (ধারা ৩৩, ৩৪) Income from Other Sources (Sec 33, 34)

পাঠ-২.ছ.১ অন্যান্য উৎস খাতে আয়ের প্রাথমিক আলোচনা

Preliminary Discussion on Income from Other Sources

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- অন্যান্য উৎস খাতে আয় কী বলতে পারবেন।
- অন্যান্য উৎস খাতে আয় থেকে অনুমোদনযোগ্য খরচের তালিকা উল্লেখ করতে পারবেন।
- অন্যান্য উৎস খাতে প্রধান প্রধান আয়সমূহ চিহ্নিত করতে পারবেন।

অন্যান্য উৎস খাতে আয়ের অর্থ

Meaning of Income from Other Sources

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২০ ধারায় উল্লেখিত খাতসমূহের মধ্যে সর্বশেষ খাত হচ্ছে অন্যান্য উৎস খাতে আয়। অর্থাৎ যে সব আয় করদাতার বেতন, সিকিউরিটির সুদ, গৃহ সম্পত্তি, কৃষি, ব্যবসায় বা পেশা এবং মূলধনী লাভের মধ্যে গণনা করা হয় না সেসমস্ত আয় এখাতের অধীনে করযোগ্য হবে। ৩৩ (১) ধারায় বলা হয়েছে নিম্নোক্ত আয়সমূহ এ খাতের অন্তর্ভূক্ত হবে।

(i) লভ্যাংশ ও সুদ
(ii) কারিগরি সেবার ফি ও রয়্যালটি
(iii) যে কোনো বিনিয়োগ যার কোনো ব্যাখ্যা দেয়া হয়নি
(iv) আয়কর অধ্যাদেশের ২০ ধারায় শ্রেণিভুক্ত করা হয়নি এমন যে কোনো ধরনের আয়

অন্যান্য উৎস খাতে আয়ের অনুমোদনযোগ্য খরচ:

Allowable Deduction of Income from Other Sources

আয়কর অধ্যাদেশে ১৯৮৪ এর ৩৪ ধারায় এ খাতে অনুমোদনযোগ্য খরচগুলো হলো :-

(i) কোম্পানির শেয়ার ক্রয়ের জন্যে ঋণকৃত অর্থের সুদ
(ii) উক্ত আয় অর্জনের উদ্দেশ্যে মূলধনী ব্যয় এবং ব্যক্তিগত ব্যয় ছাড়া অন্য যে কোনো ব্যয়
(iii) দালান, যন্ত্রপাতি ও আসবাবপত্রের চলতি মেরামত খরচ, অবচয় ও বিমা প্রিমিয়াম

অন্যান্য প্রধান আয়সমূহ:

Other Main Income

অন্যান্য উৎস খাতে প্রধান আয়গুলো হলো :-

১. লভ্যাংশ আয়
২. স্থায়ী আমানতের সুদ বা মুনাফা
৩. ব্যাংকে সঞ্চয়ী আমানতের সুদ বা মুনাফা
৪. রয়্যালটি প্রাপ্তি
৫. ইসলামী ব্যাংকের মুনাফা
৬. খালি জায়গা ভাড়া দিয়ে আয়
৭. পরীক্ষা কাজের পারিশ্রমিক বা সম্মানী
৮. লটারির পুরস্কার, প্রাইজবন্ডের পুরস্কার

৯. তাস, জুয়া, শব্দপূরণ প্রতিযোগিতা হতে আয়
১০. ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ
১১. পুকুরের মাছ বিক্রয় থেকে আয়
১২. সঞ্চয়পত্রের সুদ বা মুনাফা
১৩. হাঁস-মুরগির খামারের আয়
১৪. বনজ কাঠ বিক্রয়ের আয়
১৫. খেয়াঘাট ইজারা থেকে আয়
১৬. অব্যাখ্যায়িত আয়/অপ্রদর্শিত আয়
১৭. অকৃষি জমি ইজারা থেকে আয়
১৮. বিবাহ বার্ষিকী বা জন্মদিনে প্রাপ্ত উপহার
১৯. বেতার, দুরদর্শন ও প্রবন্ধ লিখা থেকে আয়
২০. হাট বাজার ইজারা থেকে আয়
২১. লবণ চাষের আয়
২২. পরিচালক হিসেবে প্রাপ্ত সম্মানী
২৩. কারিগরি সেবা কার্যের ফি
২৪. শেয়ার ও ঋণপত্র বিক্রয়ে অবলেখক হিসেবে প্রাপ্ত কমিশন
২৫. গৃহ শিক্ষক হিসেবে প্রাপ্ত আয়
২৬. লাইসেন্স ভাড়া হতে আয়
২৭. বক্তৃতা থেকে প্রাপ্ত আয়

সারসংক্ষেপ:

প্রকৃতি অনুযায়ী যে সকল আয় পূর্বে উল্লেখিত ৬টি খাতের অন্তর্ভূক্ত হয় না তা অন্যান্য উৎস খাতে আয়ের অন্তর্ভূক্ত হয়। এটি ব্যক্তি করদাতার মোট আয়ের অন্যতম গুরুত্বপূর্ণ উৎস। এ আয় অর্জনে সম্পৃক্ত ব্যয় বাদ দিয়ে বাকী আয় এ খাতে কর ধার্যোপযোগী আয় হিসেবে গণ্য হয়।

পাঠ-২.ছ.২ অন্যান্য উৎস খাতে আয় নির্ণয়

Computation of Income from Other Sources

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- ব্যক্তি করদাতার অন্যান্য উৎস খাতে আয় নির্ণয়ের বাস্তব সমস্যার সমাধান করতে পারবেন।

উদাহরণ -১ : নিম্নোক্ত তথ্যাবলী হতে মি: আসমানী এর ২০১৯-২০২০ আয়বর্ষে অন্যান্য উৎস খাতে আয় নির্ণয় করুন:

(i) পাবলিক লি: কোম্পানির লভ্যাংশ ৬৭,৫০০ টাকা
(ii) ব্যাংকে সঞ্চয়ী হিসাবের সুদ ১৮,০০০ টাকা
(iii) প্রাইভেট কোম্পানির লভ্যাংশ ৩৬,০০০ টাকা
(iv) ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ ১১,০০০ টাকা
(v) প্রাইজবন্ডের পুরস্কার ১০,০০০ টাকা
(vi) জন্মদিনের উপহার প্রাপ্তি ৫,০০০ টাকা
(vii) মিউচ্যুয়াল ফান্ডের লভ্যাংশ ৩৫,০০০ টাকা
(viii) ইসলামী ব্যাংকের মুনাফা ১৩,৫০০ টাকা
(ix) বনজ কাঠ বিক্রয় হতে আয় ৮,০০০ টাকা

সমাধান:

করদাতা: মি: আসমানী
আয় বর্ষ - ২০১৯ - ২০২০
কর বর্ষ - ২০২০ - ২০২১

আয়ের বিবরণ	টাকা	টাকা
অন্যান্য উৎস খাতে আয় (ধারা ৩৩)		
(i) পাবলিক লি: কোম্পানির লভ্যাংশ $(৬৭,৫০০ \times \frac{১০০}{৯০})$	৭৫,০০০	
বাদ অকরধার্য	৫০,০০০	২৫,০০০
(ii) ব্যাংক সঞ্চয়ী হিসাবের সুদ $(১৮,০০০ \times \frac{১০০}{৯০})$		২০,০০০
(iii) প্রাইভেট কোম্পনির লভ্যাংশ $(৩৬,০০০ \times \frac{১০০}{৯০})$		৪০,০০০
(iv) ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ $(১১,০০০ \times \frac{১০০}{৯০})$		১২,২২২
(v) প্রাইজবন্ডের পুরস্কার (মোট অংক মনে করে)		১০,০০০
(vi) জন্মদিনের উপহার	৫,০০০	
বাদ সম্পুর্ণ অকরধার্য	৫,০০০	নাই
(vii) মিউচ্যুয়াল ফান্ডের লভ্যাংশ $(৩৫,০০০ \times \frac{১০০}{৯০})$	৩৮,৮৮৯	
বাদ অকরধার্য	২৫,০০০	১৩,৮৮৯
(viii) ইসলামী ব্যাংকের মুনাফা $(১৩,৫০০ \times \frac{১০০}{৯০})$		১৫,০০০
(ix) বনজ-কাঠ বিক্রয়		৬০,০০০
অন্যান্য উৎস খাতে মোট আয়		১,৯৬,১১১

উদাহরণ - ২: জনাব বাবুল ২০১৯ - ২০২০ আয় বর্ষে নিম্নোক্ত আয়গুলো অর্জন করেন:-

(i) আইসিবি ইউনিট ফান্ড হতে প্রাপ্ত লভ্যাংশ ৩০,০০০ টাকা
(ii) ৫ বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্রের সুদ ৪০,২০০ টাকা
(iii) ডিপিএস ভাঙ্গিঁয়ে প্রাপ্ত সুদ ৪৫,০০০ টাকা
(iv) পুস্তক লিখার রয়্যালিটি ৯,০০০ টাকা
(v) সাময়িকীতে প্রবন্ধ লিখা হতে আয় ১৫,০০০ টাকা
(vi) টেলিভিশনে একটি টকশোতে অংশগ্রহণ হতে আয় ৪,০০০ টাকা
(vii) খাতা দেখার পারিশ্রমিক ১২,০০০ টাকা
(viii) লাইসেন্স ভাড়া দিয়ে আয় ৬,০০০ টাকা

তার খরচসমূহ

(ক) লাইসেন্স নবায়ন ফি ২০০০ টাকা।
(খ) লভ্যাংশ আদায়ে ব্যাংক চার্জ ৮০০ টাকা

চলতি বছরে তিনি ২,২০,০০০ টাকা দিয়ে একটি পুরাতন গাড়ী ক্রয় করেন। উক্ত গাড়ী ক্রয়ে আয়ের উৎসের কোনো ব্যাখ্যা DCT এর নিকট দাখিল করতে পারেন নি।

জনাব বাবুল এর অন্যান্য উৎস খাতে আয় নির্ণয় করুন।

সমাধান:

করদাতা : জনাব বাবুল
আয়বর্ষ - ২০১৯-২০২০
করবর্ষ - ২০২০-২০২১
অন্যান্য উৎস খাতে আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা
অন্যান্য উৎস খাতে আয় (ধারা ৩৩ ও ৩৪)		
(i) আইসিবি ইউনিট লভ্যাংশ (৩০,০০০ × $\frac{১০০}{৯০}$)	৩৩,৩৩৩	
বাদ অকরধার্য	২৫,০০০	৮,৩৩৩
(ii) বাংলাদেশ সঞ্চয়পত্রের সুদ (৪০,২০০ × $\frac{১০০}{৯০}$)		৪৪,৬৬৭
(iii) ডিপিএস এর সুদ (৪৫,০০০ × $\frac{১০০}{৯০}$)		৫০,০০০
(iv) পুস্তক লিখার রয়্যালিটি (৯,০০০ × $\frac{১০০}{৯০}$)		১০,০০০
(v) প্রবন্ধ লিখার আয়		১৫,০০০
(vi) টকশো হতে আয় (৪,০০০ × $\frac{১০০}{৯০}$)		৪,৪৪৪
(vii) খাতা দেখার পরিশ্রমিক		১২,০০০
(viii) লাইসেন্স ভাড়া দিয়ে আয়		৬,০০০
(ix) অব্যাখ্যায়িত আয় (গাড়ী ক্রয়)		২,২০,০০০
মোট আয়		৩,৭০,৪৪৪
বাদ: অনুমোদনযোগ্য খরচ		
১. লাইসেন্স নবায়ন ফি	২,০০০	
২. ব্যাংক চার্জ	৮০০	২,৮০০
অন্যান্য উৎস খাতে করযোগ্য আয়		৩,৬৭,৬৪৪

সারসংক্ষেপ:

লভ্যাংশ, ব্যাংক সুদ বা মুনাফা, বুদ্ধিবৃত্তীয় কাজের সম্মানী, পুরস্কার, উপহার প্রভৃতি উৎসের আয় এ খাতে কর দাতার মোট আয়ের অন্তর্ভূক্ত হয়।

জ) একক ব্যক্তির কর নির্ধারণ (Tax Assessment of Individual)

পাঠ-২.জ.১ ব্যক্তি করদাতার কর নির্ধারণ প্রক্রিয়া
Procedure of Tax Assessment of Individual

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- ব্যক্তি করদাতার মোট আয় নির্ণয়ের ছক বর্ণনা করতে পারবেন।
- ব্যক্তি করদাতার কর নির্ধারনের ব্যবহারিক সমস্যার সমাধান করতে পারবেন।

ব্যক্তি করদাতার মোট আয় নির্ণয়ের ছক
Proforma for Computation of Total Income

আয়কর অধ্যাদেশে বর্ণিত ৭টি খাত এবং আয়কর বিধি ২৪ অনুসারে আয়কর রিটার্নে উল্লেখিত আরও ৩টি খাত সহ মোট ১০টি খাতে আয় গণনার বিস্তারিত বিধান নিম্নের ছকে উল্লেখ করা হলো :-

করদাতা: ....

আবাসিক মর্যাদা : .... ইটিআইএন ....

আয়বর্ষ - .... করবর্ষ - ....

মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা	টাকা
১। বেতন খাতে আয় (ধারা ২১)			
(১) মূল বেতন		XXXX	
(২) মহার্ঘ ভাতা		XXXX	
(৩) বোনাস		XXXX	
(৪) ক্ষতিপূরণ		XXXX	
(৫) কমিশন		XXXX	
(৬) বাড়ি ভাড়া ভাতা:			
নগদ প্রাপ্ত ভাতা	XXXX		
বাদ অকরধার্য (২৫,০০০ × ১২) = ৩,০০,০০০			
বা মূল বেতনের ৫০% XXXX			
যেটি কম	XXXX		
(৭) বাসস্থান সুবিধা:			
(ক) বিনা ভাড়ায় প্রাপ্ত বাসস্থান সুবিধা			
ভাড়া মূল্য বা মূল বেতনের ২৫% যেটি কম		XXXX	
(খ) কনসেশন হারে বাসস্থান			
ভাড়ামূল্য বা মূল বেতনের ২৫% যেটি কম	XXXX		
বাদ কর্তনকৃত ভাড়া	XXXX		
(৮) যাতায়াত ভাড়া			
প্রাপ্ত নগদ ভাতা	XXXX		
বাদ অকরধার্য	৩০,০০০	XXXX	

আয়ের বিবরণ	টাকা	টাকা	টাকা
(৯) যানবাহন সুবিধা			
(ক) যানবাহন সুবিধার সাথে নগদ যাতায়াত ভাতা না পেলে মূল বেতনের ৫% বা বার্ষিক ৬০,০০০ টাকা যেটি বড়		XXXX	
(খ) যানবাহন সুবিধার সাথে নগদ যাতায়াত ভাতা পেলে মূল বেতনের ৫% বা বার্ষিক ৬০,০০০ টাকা যেটি বড়	XXXX		
যোগ : নগদ প্রাপ্ত ভাতা	XXXX	XXXX	
(১০) চিকিৎসা ভাতা			
নগদ প্রাপ্ত ভাতা	XXXX		
বাদ অকরধার্য বার্ষিক ১,২০,০০০ টাকা বা মূল বেতনের ১০% যেটি কম	XXXX	XXXX	
(১১) অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে নিয়োগকর্তার দান		XXXX	
(১২) অনুমোদিত ভবিষ্যৎ তহবিলের সুদ: প্রাপ্ত সুদ	XXXX		
বাদ অকরধার্য ১৪.৫% হারে বা মূল বেতনের [illegible] যেটি কম	XXXX	XXXX	
(১৩) অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে সঞ্চিত অর্থ (নিয়োগ কর্তার অংশ)		XXXX	
(১৪) অগ্রিম বেতন		XXXX	
(১৫) অবসর ভাতাঃ প্রাপ্ত ভাতা	XXXX		
বাদ অকরধার্য (সম্পূর্ণ)	XXXX		
(১৬) গ্র্যাচুইটি	XXXX		
বাদ অকরধার্য	২,৫০,০০,০০	XXXX	
(১৭) চার্জ ভাতা		XXXX	
(১৮) ছুটি নগদায়ন		XXXX	
বেতন খাতে আয়			XXXX
২। সিকিউরিটির সুদ খাতে আয় (ধারা ২২,২৩)			
(ক) সরকারি সিকিউরিটি			
(১) করমুক্ত সরকারি সিকিউরিটির সুদ	XXXX		
বাদ অকরধার্য (সম্পূর্ণ)	XXXX	-	
(২) করবাদ সরকারি সিকিউরিটির সুদ	XXXX		
বাদ অনুমোদনযোগ্য খরচ	XXXX	XXXX	
(খ) বাণিজ্যিক সিকিউরিটি			
(১) করমুক্ত বাণিজ্যিক সিকিউরিটির সুদ হতে আয়	XXXX		
বাদ সম্পূর্ণ অকরধার্য	XXXX	-	
(২) জিরো কুপন বন্ড	XXXX		
বাদ সম্পূর্ণ অকরধার্য	XXXX	XXXX	
(৩) করবাদ বাণিজ্যিক সিকিউরিটির সুদ	XXXX		
বাদ অনুমোদনযোগ্য কর	XXXX	XXXX	
সিকিউরিটির সুদ খাতে আয়			XXXX

আয়ের বিবরণ	টাকা	টাকা	টাকা
৩। গৃহ সম্পত্তি খাতে আয় (ধারা ২৪, ২৫)			
ভাড়া দেয়া গৃহের বার্ষিক মূল্যঃ			
প্রাপ্ত ভাড়া	XXXX		
যোগ (i) উৎসে প্রদত্ত কর (প্রযোজ্য ক্ষেত্রে)	XXXX		
(ii) ভাড়াটিয়া কর্তৃক প্রদত্ত মালিকের খরচ	XXXX		
বাদ (i) মালিক কর্তৃক প্রদত্ত ভাড়াটিয়ার খরচ	XXXX		
প্রকৃত ভাড়া মূল্য	XXXX		
বা পৌর মূল্য	XXXX		
যেটি বড়		XXXX	
বাদ অনুমোদনযোগ্য খরচ		XXXX	
গৃহ সম্পত্তি খাতে আয়			XXXX
৪। কৃষি খাতে আয় (ধারা ২৬,২৭)			
প্রাপ্ত মোট আয়		XXXX	
বাদ অনুমোদনযোগ্য খরচ		XXXX	
কৃষি খাতে আয়			XXXX
৫। ব্যবসায় বা পেশা খাতে আয় (ধারা ২৮,২৯,৩০)			
কারবার হতে আয়		XXXX	
পেশা হতে আয়		XXXX	
ব্যবসায় বা পেশা খাতে আয়			XXXX
৬। মূলধনী লাভ খাতে আয় (ধারা ৩১,৩২)			XXXX
৭। অন্যান্য উৎস হতে আয় (ধারা ৩৩,৩৪)			XXXX
৮। অংশীদারি ফার্মের আয়ের অংশ			XXXX
৯। স্বামী/স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানের আয়			XXXX
১০। বৈদেশিক আয়			XXXX
মোট আয়			XXXX

বিনিয়োগ ভাতা বা কর রেয়াতযোগ্য আয়

বিবরণ	টাকা	টাকা
১। জীবন বিমা প্রিমিয়াম (করদাতার নিজের, স্ত্রীর ও নাবালক সন্তানের) সর্বোচ্চ সীমা (পলিসি মূল্যের ১০%)	XXXX	
২। বিলম্বিত বার্ষিক বৃত্তি	XXXX	
৩। সরকারি ভবিষ্য তহবিলে কর্মীর দান	XXXX	
৪। অনুমোদিত ভবিষ্য তহবিলে কর্মী ও নিয়োগকর্তা উভয়ের দান	XXXX	
৫। বার্ধক্য তহবিলে চাঁদা	XXXX	
৬। ডিপোজিট পেনশন স্কিমে জমা (সর্বোচ্চ বাৎসরিক ৬০,০০০)	XXXX	
৭। গ্রুপ বিমা বা কল্যাণ তহবিলে চাঁদা	XXXX	
৮। সরকারি যাকাত তহবিলে দান	XXXX	
৯। শেয়ার ও ঋণপত্র ক্রয়ে বিনিয়োগ	XXXX	

বিবরণ	টাকা	টাকা
১০। বাংলাদেশে পরিচালিত আগা খান উন্নয়ন কার্যক্রমে দান	XXXX	
১১। অনুমোদিত জনকল্যাণ প্রতিষ্ঠানে দান	XXXX	
১২। মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে দান	XXXX	
১৩। জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে দান	XXXX	
১৪। সরকারি ট্রেজারি বন্ডে বিনিয়োগ	XXXX	
১৫। ঋণপত্র, ইউনিট সার্টিফিকেট ক্রয়	XXXX	
প্রকৃত বিনিয়োগ		XXXX

বা, ৪৪(৪) ধারা এবং ৮২(c) (2) (a) ধারার আয় ব্যতীত মোট আয়ের ২৫%	XXXX	
বা নির্দিষ্ট সীমা	১,৫০,০০,০০০	
৩ টির মধ্যে যেটি কম		XXXX
কর রেয়াত যোগ্য আয়		XXXX

কর রেয়াতের পরিমাণঃ মোট আয় ১৫,০০,০০০ টাকা পর্যন্ত ১৫% হারে
মোট আয় ১৫,০০,০০০ টাকার বেশি হলে ১০% হারে

করদায় নির্ণয়

বিবরণ	করের হার	করের পরিমাণ
(i) প্রথম ৩,০০,০০০ টাকা মোট আয়ের উপর	শূণ্য	শূণ্য
(ii) পরবর্তী ১,০০,০০০ টাকা মোট আয়ের উপর	৫%	XXXX
(iii) পরবর্তী ৩,০০,০০০ টাকা মোট আয়ের উপর	১০%	XXXX
(iv) পরবর্তী ৪,০০,০০০ টাকা মোট আয়ের উপর	১৫%	XXXX
(v) পরবর্তী ৫,০০,০০০ টাকা মোট আয়ের উপর	২০%	XXXX
(vi) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%	XXXX
মোট কর দায়		XXXX
		XXXX
বাদ বিনিয়োগ ভাতার কর রেয়াত		XXXX
		XXXX
বাদ উৎসে কর্তিত কর		XXXX
নিট প্রদেয় কর দায়		XXXX

উল্লেখ্য যে, তৃতীয় লিঙ্গের করদাতা, মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তার বেশি বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,৫০,০০০ টাকা। প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত সীমা হবে ৪,৫০,০০০ টাকা। গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা ৪,৭৫,০০০ টাকা।

ন্যূনতম করের পরিমাণ

এলাকার বিবরণ	ন্যূনতম কর
ঢাকা উত্তর, ঢাকা দক্ষিন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০ টাকা
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০ টাকা
সিটি কর্পোরেশন ব্যাতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০ টাকা

ব্যবহারিক সমস্যা ও সমাধান
Practical problems & Solutions

উদাহরণ - ১: জনাব ইমন আহমেদ একজন সরকারী কর্মকর্তা। ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরে তাঁর আয়সমূহ নিম্নরূপ মাসিক মূল বেতন ৫২,৫০০ টাকা। তাকে একটি সুসজ্জিত বাড়ী দেয়া হয়েছে। চিকিৎসা ভাতা বাবদ তিনি মাসিক ১,৫০০ টাকা এবং আপ্যায়ন ভাতা হিসেবে মাসিক ১,০০০ টাকা পান। তিনি বছরে দু'টি উৎসব ভাতা এবং যাতায়াত ভাতা বাবদ মাসে ২,০০০ টাকা পান। এছাড়াও তিনি এপ্রিল মাসের মূল বেতনের ২০% নববর্ষ ভাতা হিসেবে সংশ্লিষ্ট বছরে পেয়েছেন। আয় বছরে তাঁর অন্যান্য প্রাপ্তিগুলো নিম্নরূপ:-

(ক) করবাদ (বাণিজ্যিক) সিকিউরিটির সুদ ১৩,২৫০ টাকা।
(খ) ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ ১৩,৫০০ টাকা।
(গ) পাবলিক লি: কোম্পানির লভ্যাংশ ৪১,৬০০ টাকা।
(ঘ) ইসলামি ব্যাংকের মুনাফার অংশ ১০,৭০০ টাকা।
(ঙ) জমিতে উৎপন্ন ফসল বিক্রয় ৩৫,০০০ টাকা।

জনাব ইমন একটি বাড়ীর মালিক। বাড়ীটি মাসিক ১৫,০০০ টাকায় ভাড়া দেয়া হয়েছে। বাড়ীর পৌর মূল্য ১,৫০,০০০ টাকা। বাড়ীর জন্য তাঁর খরচসমূহ: মেরামত খরচ ৪১,০০০ টাকা, পৌর কর ৩,০০০ টাকা, ভাড়া আদায় খরচ ৭,০০০ টাকা, কেয়ারটেকারের বেতন ২৪,০০০ টাকা।

সারা বছরে তাঁর খরচসমূহ: জীবন বিমা প্রিমিয়াম ১২,০০০ টাকা (পলিসি মূল্য ১,০০,০০০ টাকা) ডিপোজিট পেনশন স্কীমে জমা মাসিক ৬,০০০ টাকা, সরকারী যাকাত তহবিলে দান ৫,০০০ টাকা, পুস্তক ক্রয় ৪,০০০ টাকা, ডিএসই এর মাধ্যমে শেয়ার ক্রয় ৪৫,০০০ টাকা ভবিষ্য তহবিলে দান মূল বেতনের ১০%।

জনাব ইমন আহমেদ এর করদায় নির্ণয় করুন।

সমাধান:

করদাতা: জনাব ইমন আহমেদ
আয় বছর: ২০২০-২০২১
কর বছর: ২০২১-২০২২
মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা	টাকা
১। বেতন খাতে আয় (ধারা ২১)			
(i) মূল বেতন (৫২,৫০০×১২)		৬,৩০,০০০	
(ii) বাসস্থান সুবিধা: মূল বেতনের ২৫%	১,৫৭,৫০০		
বাদ অকরধার্য (সম্পূর্ণ)	১,৫৭,৫০০	নাই	
(iii) চিকিৎসা ভাতা (১৫০০×১২)	১৮,০০০		
বাদ অকরধার্য (সম্পূর্ণ)	১৮,০০০	নাই	
(iv) আপ্যায়ন ভাতা (১০০০×১২)	১২,০০০		
বাদ অকরধার্য (সম্পূর্ণ)	১২,০০০	নাই	
(v) উৎসব ভাতা (৫২,৫০০×২)		১,০৫,০০০	
(vi) নববর্ষ ভাতা (৫২,৫০০×২০%)	১০,৫০০		
বাদ অকরধার্য (সম্পূর্ণ)	১০,৫০০	নাই	
বেতন খাতে আয়			৭,৩৫,০০০
২। সিকিউরিটির সুদ খাতে আয় (ধারা ২২,২৩)			
(i) করবাদ বাণিজ্যিক সিকিউরিটির সুদ (১৩,২৫০×$\frac{১০০}{৯৫}$)		১৩,৯৪৭	
সিকিউরিটির সুদ খাতে আয়			১৩,৯৪৭

আয়ের বিবরণ	টাকা	টাকা	টাকা
৩। গৃহ সম্পত্তি খাতে আয় (ধারা ২৪,২৫)			
বার্ষিক মূল্য : ভাড়া মূল্য (১৫,০০০ × ১২)	১,৮০,০০০		
পৌর মূল্য	১,৫০,০০০		
যেটি বড়		১,৮০,০০০	
বাদ অনুমোদনযোগ্য খরচ:			
(i) মেরামত ও রক্ষণাবেক্ষণ (১,৮০,০০০×২৫%)	৪৫,০০০		
(ii) পৌর কর	৩,০০০	৪৮,০০০	
গৃহ সম্পত্তি খাতে আয়			১,৩২,০০০
৪। কৃষি খাতে আয় (ধারা ২৬, ২৭)			
ফসল বিক্রয়		৩৫,০০০	
বাদ: চাষাবাদ খরচ (৬০%)		২১,০০০	
কৃষি খাতে আয়			১৪,০০০
৫। অন্যান্য উৎস খাতে আয় (ধারা ৩৩,৩৪)			
(i) ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ (১৩,৫০০ × $\frac{১০০}{৯০}$)		১৫,০০০	
(ii) পাবলিক লিঃ কোম্পানির লভ্যাংশ	৪১,৬০০		
বাদ অকরধার্য সীমা	৫০,০০০	নাই	
(iii) ইসলামী ব্যাংকের মুনাফা (১০,৭০০ × $\frac{১০০}{৯০}$)		১১,৮৮৯	
অন্যান্য উৎস খাতে আয়			২৬,৮৮৯
মোট আয়			৯,২১,৮৩৬

কর রেয়াতযোগ্য আয় বা বিনিয়োগ ভাতা নির্ণয়

বিবরণ	টাকা	টাকা
(i) জীবন বিমা প্রিমিয়াম - ১২,০০০		
পলিসি মূল্যের ১০% - ১০,০০০		
ছোটটি	১০,০০০	
(ii) ডিপোজিট পেনশন স্কীমে জমাঃ ৬,০০০ × ১২ = ৭২,০০০		
সর্বোচ্চ সীমা ৫,০০০ × ১২ = ৬০,০০০		
ছোটটি	৬০,০০০	
(iii) সরকারি যাকাত তহবিলে দান	৫,০০০	
(iv) শেয়ার ক্রয়	৪৫,০০০	
(v) ভবিষ্য তহবিলে কর্মীর দান (বেতনের ১০%)	৬৩,০০০	
প্রকৃত বিনিয়োগ	১,৮৩,০০০	
বা মোট আয় ৯,২১,৮৩৬ এর ২৫%	২,৩০,৪৫৯	
বা সর্বোচ্চ সীমা	১,৫০,০০,০০০	
তিনটির মধ্যে যেটি কম		১,৮৩,০০০
কর রেয়াতযোগ্য আয়		১,৮৩,০০০

করদায় নির্ণয়

বিবরণ	করের হার	করের পরিমাণ
৯,২১,৮৩৬ টাকা মোট আয়ের জন্য		
(i) প্রথম ৩,০০,০০০ টাকার উপর	শূণ্য	শূণ্য
(ii) পরবর্তী ১,০০,০০০ টাকার উপর	৫%	৫,০০০
(iii) পরবর্তী ৩,০০,০০০ টাকার উপর	১০%	৩০,০০০
(iv) অবশিষ্ট ২,২১,৮৩৬ টাকার উপর	১৫%	৩৩,২৭৫
মোট কর দায়		৬৮,২৭৫
বাদ বিনিয়োগের উপর কর রেয়াত (১,৮৩,০০০ এর ১৫%)		২৭,৪৫০
নিট কর দায়		৪০,৮২৫
বাদ উৎসে কর কর্তন:		
(i) করবাদ বাণিজ্যিক সিকিউরিটির সুদ (১৩,৯৪৭ - ১৩,২৫০)	৬৯৭	
(ii) ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ থেকে কর্তন (১৫,০০০ - ১৩,৫০০)	১,৫০০	
(iii) ইসলামি ব্যাংকের মুনাফা থেকে কর্তন (১১,৮৮৯-১০,৭০০)	১,১৮৯	৩,৩৮৬
প্রদেয় কর		৩৭,৪৩৯

টীকা:

১. সরকারি কর্মকর্তার বেতন খাতে আয় নির্ণয়ে মূল বেতন, উৎসব বোনাস ছাড়া সম্পূর্ণ ভাতাদি অকরধার্য।
২. ইটিআইএন আছে মনে করে ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ এবং ইসলামি ব্যাংকের মুনাফার উপর ১০% উৎস কর কর্তন করা হয়েছে ধরা হলো।
৩. গৃহ সম্পত্তির মেরামত ও রক্ষণাবেক্ষন খরচ (আদায় খরচ, আইন খরচ, দারোয়ান, মালি, সুইপার এর বেতন) আবাসিক উদ্দেশ্যে ভাড়া দেয়া গৃহের ক্ষেত্রে ২৫% অকরধার্য।

উদাহরণ ২: মি: খান একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। ২০২১ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরে তাঁর আয়ের উৎসসমুহ নিম্নরূপ:

(ক) বেতন খাতে আয়

(i) মূল বেতন মাসিক ৪৮,০০০ টাকা।
(ii) দুই মাসের মূল বেতনের সমপরিমাণ উৎসব ভাতা
(iii) বাড়ি ভাড়া ভাতা মূল বেতনের ৪০%
(iv) ব্যক্তিগত ও অফিসের কাজে ব্যবহারের জন্যে তাঁকে একটি গাড়ি দেয়া হয়েছে
(v) ভবিষ্য তহবিলে চাঁদা মূল বেতনের ১০%। নিয়োগকর্তাও সমপরিমান চাঁদা দেন।
(vi) এক মাসের অগ্রিম বেতন গ্রহণ।

(খ) তাঁর অন্যান্য আয়

(i) তিনি একটি দু'তলা বাড়ির মালিক। দু'তলায় নিজে বসবাস করেন এবং নিচতলা ভাড়া দিয়ে মাসে ১৪,০০০ টাকা আয় করেন। বাড়িটির পৌরমূল্য ৩,০০,০০০ টাকা। বাড়ির জন্যে তাঁর খরচসমূহ: পৌরকর ১৫,০০০ টাকা, মেরামত খরচ ১,০৫,০০০ টাকা, বিমা খরচ ৪,০০০ টাকা।
(ii) ব্যাংকে সঞ্চয়ী হিসাবের মুনাফা ৭,৮০০ টাকা।
(iii) চা বাগানের আয় ১০,০০০ টাকা।

সংশ্লিষ্ট বছরের তাঁর খরচসমূহ:

পারিবারিক খরচ ১,১০,০০০ টাকা জীবন বিমা কিস্তি ৭,০০০ টাকা, IPO এর মাধ্যমে শেয়ার ক্রয় ৬,০০০ টাকা কল্যাণ তহবিলে চাঁদা মাসিক ৫০০ টাকা হারে, গ্রুপ বিমা কিস্তি মাসিক ২০০ টাকা।

মি: খান এর মোট আয়, কর রেয়াতযোগ্য আয় এবং করদায় নির্ণয় করুন।

সমাধান:

করদাতা : মি: খান
আয়বর্ষ ২০২১-২০২১
করবর্ষ ২০২১-২০২২
মোট আয় নির্ণয়

আয়ের বিবরণ	টাকা	টাকা	টাকা
১। বেতন খাতে আয় (ধারা ২১)			
(i) মূল বেতন (৪৮,০০০ ×১২)		৫,৭৬,০০০	
(ii) উৎসব ভাতা (৪৮,০০০×২)		৯৬,০০০	
(iii) বাড়ি ভাড়া ভাতা (৫,৭৬,০০০ ×৪০%)	২,৩০,৪০০		
(-) অকরধার্য (২৫,০০০×১২) = ৩,০০,০০০			
বা (৫,৭৬,০০০×৫০%) = ২,৮৮,০০০			
যেটি কম	২,৮৮,০০০	নাই	
(iv) যানবাহন সুবিধা (মূল বেতনের ৫%)	২৮,৮০০		
বা	৬০,০০০		
যেটি বড়		৬০,০০০	
(v) ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা (মূল বেতনের ১০%)		৫৭,৬০০	
(vi) অগ্রিম বেতন		৪৮,০০০	
বেতন খাতে আয়			৮,৩৭,৬০০
২। গৃহ সম্পত্তি খাতে আয় (ধারা ২৪, ২৫)			
(ক) ভাড়া দেয়া অংশ:			
বার্ষিক মূল্য: ভাড়া মূল্য ১৪,০০০×১২ =	১,৬৮,০০০		
বা পৌর মূল্য ($\frac{১}{২}$)	১,৫০,০০০		
যেটি বড়		১,৬৮,০০০	
বাদ অনুমোদনযোগ্য খরচ			
(i) মেরামত ও রক্ষণাবেক্ষন (বার্ষিক মূল্যের এক চতুর্থাংশ)	৪২,০০০		
(ii) পৌর কর ($\frac{১}{২}$)	৭,৫০০		
(iii) বিমা খরচ ($\frac{১}{২}$)	২,০০০	৫১,৫০০	
		১,১৬,৫০০	
(খ) আবাসিক অংশ (সম্পূর্ণ অকরধার্য)		নাই	
গৃহ সম্পত্তি খাতে আয়			১,১৬,৫০০
৩। কৃষি খাতে আয় (ধারা ২৬,২৭)			
চা বাগানের আয় (৬০%)			৬,০০০
৪। ব্যবসায় ও পেশাখাতে আয় (ধারা ২৮, ২৯, ৩০)			
চা বাগানের আয় (৪০%)			৪,০০০
৫। অন্যান্য উৎস খাতে আয় (ধারা ৩৩,৩৪)			
(i) ব্যাংক সঞ্চয়ী হিসাবের মুনাফা (৭,৮০০($\frac{১০০}{৯০}$))		৮,৬৬৭	

আয়ের বিবরণ	টাকা	টাকা	টাকা
অন্যান্য উৎসের আয়			৮,৬৬৭
মোট আয়			৯,৭২,৭৬৭

কর রেয়াতযোগ্য আয় নির্ণয়

বিবরণ	টাকা	টাকা
(i) জীবন বিমা কিস্তি	৭,০০০	
(ii) শেয়ার ক্রয়	৬,০০০	
(iii) ভবিষ্য তহবিলে নিজের ও নিয়োগকর্তার দান (৫৭,৬০০+৫৭,৬০০)	১,১৫,২০০	
(iv) কল্যাণ তহবিলে চাঁদা (৫০০×১২)	৬,০০০	
(v) গ্রুপ বিমার কিস্তি (২০০×১২)	২,৪০০	
প্রকৃত বিনিয়োগ	১,৩৬,৬০০	
বা মোট আয়ের ২৫%	২,৪৩,১৯১	
বা সর্বোচ্চ সীমা	১,৫০,০০,০০০	
যেটি কম		১,৩৬,৬০০
কর রেয়াতযোগ্য আয়		১,৩৬,৬০০

কর দায় নির্ণয়

বিবরণ	করের হার	করের পরিমান
৯,৭২,৭৬৭ টাকা মোট আয়ের উপর		
(i) প্রথম ৩,০০,০০০ টাকার উপর	০%	শূন্য
(ii) পরবর্তী ১,০০,০০০ টাকার উপর	৫%	৫,০০০
(iii) পরবর্তী ৩,০০,০০০ টাকার উপর	১০%	৩০,০০০
(iv) অবশিষ্ট ২,৭২,৭৬৭ টাকার উপর	২৫%	৪০,৯১৫
মোট কর		৭৫,৯১৫
বাদ: কর রেয়াত (রেয়াতযোগ্য আয়ের ১৫%)		২০,৪৯০
নিট করদায়		৫৫,৪২৫
বাদ: উৎস কর (৮৬৬৭-৭৮০০)		৮৬৭
প্রদেয় কর		**৫৪,৫৫৮**

সারসংক্ষেপ:

আয় বর্ষে অর্জিত ব্যক্তি করদাতার বিভিন্ন উৎসের আয়ের সমষ্টি নিয়ে কর বর্ষের ক্ষেত্রে প্রযোজ্য বিধান অনুযায়ী আমরা একজন ব্যক্তি করদাতার মোট আয়, বিনিয়োগ কর রেয়াত এবং প্রদেয় করের পরিমাণ নির্ণয় করতে পারি।

ইউনিট মূল্যায়ন

১। বেতন খাতে আয় বলতে কী বুঝেন? বেতন আয়ের উপাদানসমূহ বর্ণনা করুন।

২। বেতন পূরক বলতে কী বুঝেন? বেতন পূরকগুলোর তালিকা দিন।

৩। সিকিউরিটির সুদ খাতে আয় বলতে কী বুঝেন? সিকিউরিটির প্রকারভেদ উল্লেখ করুন।

৪। সুদের মোটাংকিতকরণ বলতে কী বুঝেন? মোটাংকিতকরণের সুত্রটি লিখুন।

৫। গৃহ সম্পত্তি খাতে আয়ের সংজ্ঞা দিন।

৬। গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য বলতে কী বুঝেন? এটি কীভাবে নির্ধারিত হয়?

৭। গৃহ সম্পত্তি খাতের আয় থেকে অনুমোদনযোগ্য খরচগুলোর তালিকা দিন।

৮। কৃষি আয় কী? আংশিক কৃষি আয় কী? কৃষি আয়ের বৈশিষ্ঠ্যগুলো উল্লেখ করুন।

৯। ব্যবসায় বা পেশা খাতে আয় বলতে কী বুঝায়? ব্যবসায় বা পেশা খাতে আয় থেকে অনুমোদনযোগ্য খরচগুলোর তালিকা দিন।

১০। মূলধনী লাভ খাতে আয় বলতে কী বুঝেন? মূলধনী লাভ খাতে আয় থেকে কী কী খরচ অনুমোদনযোগ্য?

১১। কর অব্যহতি প্রাপ্ত মূলধনী লাভগুলো উল্লেখ করুন ।

১২। আয়কর অধ্যাদেশের ৩৩(১) ধারা অনুযায়ী কোন কোন আয়গুলো অন্যান্য উৎসখাতে আয়ের অন্তর্ভূক্ত হয়?

১৩। জনাব খান একজন চাকুরিজীবি। ৩০ জুন ২০২০ তারিখ সমাপ্ত আয় বছরে তার বেতন খাতে আয় ছিল নিম্নরূপ:

(i) মূল বেতন মাসিক ৪৬,০০০ টাকা
(ii) উৎসব বোনাস ২ টি
(iii) চিকিৎসা ভাতা মাসিক ১,৫০০ টাকা
(iv) বাড়ী ভাড়া ভাতা মূল বেতনের ৪০%
(v) তিনি মূল বেতনের ১০% অনুমোদিত প্রভিডেন্ট ফান্ডে দান করেন।
(vi) যাতায়াত ভাড়া মাসিক ১,২০০ টাকা হারে।
(vii) বৈশাখী ভাতা বেতনের ২০%
(viii) আপ্যায়ন ভাতা মাসে ৫০০ টাকা

জনাব খানের বেতন খাতে আয় নির্ণয় করুন।

১৪। নিম্নের তথ্যাবলী থেকে মিসেস আয়েশা ইসলাম এর ২০১৯ - ২০২০ আয় বছরে সিকিউরিটির সুদ খাতে আয় নির্ণয় করুন:

(i) করমুক্ত সরকারি সিকিউরিটির সুদ ২০,০০০ টাকা
(ii) করবাদ সরকারি সিকিউরিটির সুদ ১৪,২৫০ টাকা
(iii) করবাদ অনুমোদিত (বাণিজ্যিক) সিকিউরিটির সুদ ৫৯,৩৭৫ টাকা
(iv) ১০% করযোগ্য (বাণিজ্যিক) সিকিউরিটির ক্রয় ১,০০,০০০ টাকা।
(v) স্থানীয় কর্তৃপক্ষের ৯% ঋণপত্র ক্রয় ৯০,০০০ টাকা।

করযোগ্য অনুমোদিত বাণিজ্যিক সিকিউরিটি ক্রয়ে ঋণের সুদ প্রদান ৮০০ টাকা এবং ব্যাংক চার্জ ৪০০ টাকা।

১৫। জনাব রাজেস রায়ের একটি বাড়ি আছে। বাড়িটির অর্ধেক মাসিক ৪০,০০০ টাকায় ভাড়া দেয়া হয়েছে এবং অপর অর্ধাংশে তিনি নিজে বাস করেন। বাড়িটির পৌরমূল্য ৬,০০,০০০ টাকা। ঐ বছরে বাড়িটির খরচ নিম্নরূপ ছিল: ভূমি উন্নয়ন কর ৩,৫০০ টাকা; মেরামত খরচ ১,৯৭,০০০ টাকা; হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ঋণের সুদ ৬০,০০০ টাকা এবং পৌরকর ৭,০০০ টাকা। ঐ বছরে বাড়িটিতে ৩ মাস কোনো ভাড়াটিয়া ছিল না।

জনাব রাজেস রায়ের ২০২০-২০২১ আয়বর্ষে গৃহ সম্পত্তি খাতে আয় নির্ণয় করুন।

১৬। ২০২০ সালের ৩০ জুন তারিখে জনাব চৌধুরী এর কৃষি খাতে আয় নিম্নরূপ:

পাট বিক্রয় : প্রতি মণ ১,০০০ টাকা হারে ৫০০ মণ।

ধান বিক্রয় : প্রতি মণ ১,০০০ টাকা হারে ৩০০ মণ।

কৃষি জমি ইজারা প্রদান হতে আয় ৭০,০০০ টাকা।

আখ বিক্রয় : ১,৫০,০০০ টাকা।

উপরোক্ত আয়সমূহের জন্য সংশ্লিষ্ট ব্যয়সমুহ:

ভূমি রাজস্ব পরিশোধ ২৫,০০০ টাকা; ইউনিয়ন পরিষদ কর ১৫,০০০ টাকা; শস্য বিমা সেলামি ২০,০০০ টাকা; অনুমোদনযোগ্য অবচয় ১৫,০০০ টাকা; বন্ধকী ঋণের সুদ ৮,০০০ টাকা।

জনাব চৌধুরীর একটি ওজনকারী যন্ত্র ছিল যা ৩২,০০০ টাকায় কেনা হয়েছিল। যন্ত্রটি বিকল হওয়ায় তা ২০,০০০ টাকায় বিক্রয় করা হয়। বিক্রয়ের সময় যন্ত্রটির অবলোপিত মূল্য ছিল ২৩,০০০ টাকা। উৎপাদন সংক্রান্ত হিসাবের বই তলব করা হলে চৌধুরী সাহেব যথাযথ হিসাব বই প্রদর্শনের ব্যর্থ হন। তবে তিনি উৎপাদন খরচ ৩,০০,০০০ টাকা হয়েছে বলে দাবি করেন।

জনাব চৌধুরী এর করযোগ্য আয় নির্ণয় করুন।

১৭। নিম্নোক্ত প্রাপ্তি ও পরিশোধ হিসাব হতে জনাব বাবুল এর ব্যবসায় ও পেশা খাতে মোট আয় নির্ণয় করুন:

প্রাপ্তি পরিশোধ হিসাব

৩০ জুন, ২০২১

প্রাপ্তিসমূহ	টাকা	পরিশোধসমূহ	টাকা
জের স্থানান্তরিত	৬০,০০০	কর্মচারীদের বেতন	৩০,৬০০
গ্রাহকের নিকট হতে ফি গ্রহণ	৬৫,০০০	প্রশাসনিক ব্যয়	২৩,৪০০
লটারি হতে আয়	৮,০০০	আয়কর প্রদান	২,০০০
সম্পত্তির ভাড়া আয়	২৮,০০০	মেরামত ব্যয়	৪,০০০
ব্যবসায়ের মুনাফা	৯,০০০	ব্যবসায়ের জন্যে ঋণের সুদ	৩,০০০
		আসবাবপত্র ক্রয়	২৬,০০০
		জের স্থানান্তরিত	৮১,০০০
	১,৭০,০০০		১,৭০,০০০

১৮। মি: আসিফ ইকবাল ব্যবসায় কাজে ব্যবহৃত ২,২০,০০০ টাকায় ক্রয় করা একটি যন্ত্র ২,৭০,০০০ টাকা ন্যায্য বাজার মূল্যে বিক্রয় করেন। যন্ত্রটি বিক্রয়ে ১০,০০০ টাকা খরচ হয়। যন্ত্রটির কার্যক্ষমতার উন্নয়নে আরও ৩০,০০০ টাকা ব্যয় হয়। বিক্রয়ের সময় যন্ত্রটির পুঞ্জিভূত অবচয় ছিল ৫০,০০০ টাকা।

২০২০-২০২১ কর বর্ষে মি: আসিফ ইকবালের মূলধনী লাভ খাতে আয় নির্ণয় করুন।

১৯। জনাব আরিয়ান ২০১৯ - ২০২০ আয় বর্ষে নিম্নোক্ত আয়গুলো অর্জন করেন:-

(i) আইসিবি ইউনিট ফান্ড হতে প্রাপ্ত লভ্যাংশ ৪০,০০০ টাকা
(ii) ৫ বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্রের সুদ ৪৫,২০০ টাকা
(iii) ডিপিএস ভাঙ্গিঁয়ে প্রাপ্ত সুদ ৪৫,০০০ টাকা
(iv) পুস্তক লিখার রয়্যালিটি ৯,০০০ টাকা
(v) সাময়িকীতে প্রবন্ধ লিখা হতে আয় ১৫,০০০ টাকা
(vi) টেলিভিশনে একটি টকশোতে অংশগ্রহণ হতে আয় ৪,০০০ টাকা
(vii) খাতা দেখার পারিশ্রমিক ১৫,০০০ টাকা
(viii) লাইসেন্স ভাড়া দিয়ে আয় ৬,০০০ টাকা
(ix) খেয়া ঘাট ইজারা থেকে আয় ৩২,০০০ টাকা

তার খরচসমূহ

(ক) লাইসেন্স নবায়ন ১০০০

(খ) কমিশন ও ব্যাংক চার্জ ৮০০ টাকা

চলতি বছরের তিনি ৩,২০,০০০ টাকা দিয়ে একটি পুরাতন গাড়ী ক্রয় করেন। উক্ত গাড়ী ক্রয়ে আয়ের উৎসের কোনো ব্যাখ্যা DCT এর নিকট দাখিল করতে পারেন নি।

জনাব বাবুল এর অন্যান্য উৎস খাতে আয় নির্ণয় করুন।

২০। জনাব সাকিব একজন সরকারী কর্মকর্তা। ২০২১ সালে ৩০ জুন সমাপ্ত বছরে তাঁর আয়সমূহ নিম্নরূপ ঃ

মাসিক মূল বেতন ৫৪,৫০০ টাকা। তাকে একটি সুসজ্জিত বাড়ী দেয়া হয়েছে। চিকিৎসা ভাতা বাবদ তিনি মাসিক ১,৫০০ টাকা এবং আপ্যায়ন ভাতা হিসেবে মাসিক ৮০০ টাকা পান তিনি বছরে দু'টি উৎসব ভাতা এবং যাতায়াত ভাতা বাবদ মাসে ২,০০০ টাকা পান। এছাড়াও তিনি এপ্রিল মাসের মূল বেতনের ২০% নববর্ষ ভাতা হিসেবে সংশ্লিষ্ট বছরে পেয়েছেন। আয় বছরে তাঁর অন্যান্য প্রাপ্তিগুলো নিম্নরূপ:-

(ক) করবাদ (বাণিজ্যিক) সিকিউরিটির সুদ ১৪,২৫০ টাকা।

(খ) ডাকঘর সঞ্চয়ী হিসাবের সুদ ১৫,৫০০ টাকা।

(গ) পাবলিক লিঃ কোম্পানির লভ্যাংশ ৪২,৬০০ টাকা।

(ঘ) ইসলামি ব্যাংকের মুনাফার অংশ ১০,৭০০ টাকা।

(ঙ) জমিতে উৎপন্ন ফসল বিক্রয় ৪৫,০০০ টাকা।

জনাব সাকিব একটি বাড়ীর মালিক। বাড়ীটি মাসিক ১৬,০০০ টাকায় ভাড়া দেয়া হয়েছে। বাড়ীর পৌর মূল্য ১,৫০,০০০ টাকা। বাড়ীর জন্য তাঁর খরচসমূহ: মেরামত খরচ ৪১,০০০ টাকা, পৌর কর ৩,০০০ টাকায়, ভাড়া আদায় খরচ ৭,০০০ টাকা, কেয়ারটেকারের বেতন ২৪,০০০ টাকা।

সারা বছরে তাঁর খরচসমূহ: জীবন বিমা প্রিমিয়াম ১২,০০০ টাকা (পলিসি মূল্য ১,০০,০০০ টাকা), ডিপোজিট পেনশন স্কীমে জমা মাসিক ৫,০০০ টাকা, সরকারি যাকাত তহবিলে দান ৫,০০০ টাকা, পুস্তক ক্রয় ১০,০০০ টাকা, ডিএসই এর মাধ্যমে শেয়ার ক্রয় ৫০,০০০ টাকা ভবিষ্যৎ তহবিলে দান মূল বেতনের ১০%।

জনাব সাকিব এর করদায় নির্ণয় করুন।

২১। মিঃ রঞ্জিত চক্রবর্তী একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। ২০২১ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরে তাঁর আয়ের উৎসসমুহ নিম্নরূপ:

(ক) বেতন খাতে আয়

(i) মূল বেতন মাসিক ৫০,০০০ টাকা।

(ii) দুই মাসের মূল বেতনের সমপরিমাণ উৎসব ভাতা

(iii) বাড়ি ভাড়া ভাতা মূল বেতনের ৪০%

(iv) ব্যক্তিগত ও অফিসের কাজে ব্যবহারের জন্যে তাঁকে একটি গাড়ি দেয়া হয়েছে

(v) ভবিষ্যৎ তহবিলে চাঁদা মূল বেতনের ১০%। নিয়োগকর্তাও সমপরিমান চাঁদা দেন।

(vi) দুই মাসের অগ্রিম বেতন গ্রহণ।

(খ) তাঁর অন্যান্য আয়

(i) তিনি একটি দু'তলা বাড়ির মালিক। দু'তলায় নিজে বসবাস করেন এবং নিচতলা ভাড়া দিয়ে মাসে ১৫,০০০ টাকা আয় করেন। বাড়িটির পৌরমূল্য ৩,০০,০০০ টাকা। বাড়ির জন্যে তাঁর খরচসমূহ: পৌরকর ১০,০০০ টাকা, মেরামত খরচ ১,০৫,০০০ টাকা, বিমা খরচ ৪,০০০ টাকা।

(ii) ব্যাংকে সঞ্চয়ী হিসাবের মুনাফা ১৪,২০০ টাকা।

(iii) চা বাগানের আয় ২০,০০০ টাকা।

সংশ্লিষ্ট বছরের তাঁর খরচসমূহ:

পারিবারিক খরচ ১,১৫,০০০ টাকা জীবন বিমা কিস্তি ৭,০০০ টাকা, IPO এর মাধ্যমে শেয়ার ক্রয় ৮,০০০ টাকা, কল্যাণ তহবিলে চাঁদা মাসিক ৫০০ টাকা হারে, গ্রুপ বিমা কিস্তি মাসিক ২০০ টাকা।

মিঃ রঞ্জিত চক্রবর্তী এর মোট আয়, কর রেয়াতযোগ্য আয় এবং করদায় নির্ণয় করুন।